



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)

পৌরকর বহির্ভূত রাজস্ব বিষয়ক প্রশিক্ষণ সহায়িকা

পৌরসভার আয়

পৌরকর
রাজস্ব

পৌরকর বহির্ভূত রাজস্ব

প্রশাসনিক
রাজস্ব

বাণিজ্যিক
রাজস্ব

অনুদান ও
দান

বিবিধ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)

পৌরকর বহির্ভূত রাজস্ব বিষয়ক প্রশিক্ষণ সহায়িকা

গভর্নেন্স ইম্প্রুভমেন্ট অ্যান্ড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (জিআইসিডি)
কনসালটেন্সি সার্ভিসেস, আইইউজিআইপি

প্রকাশকাল

ডিসেম্বর, ২০২৪

সার্বিক নির্দেশনা

মোঃ আব্দুল বারেক, প্রকল্প পরিচালক
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

সার্বিক তত্ত্বাবধান

আজাহার আলী, টিম লিডার, জিআইসিডি
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

সহায়িকা প্রণয়ন

মোঃ সাইফুর রহমান মিয়া
মিউনিসিপ্যাল ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স স্পেশালিস্ট, আইইউজিআইপি, এলজিইডি

সহযোগিতায়

মোঃ জাফরুল কুদ্দুস
ট্রেনিং স্পেশালিস্ট, আইইউজিআইপি, এলজিইডি
মোঃ রবিউল আলম
রিজিওনাল কো-অর্ডিনেটর (মিউনিসিপ্যাল ফাইন্যান্স), আইইউজিআইপি, এলজিইডি
বিপ্রজিত মন্ডল
রিজিওনাল কো-অর্ডিনেটর (মিউনিসিপ্যাল ফাইন্যান্স), আইইউজিআইপি, এলজিইডি
সন্দীপ মন্ডল
রিজিওনাল কো-অর্ডিনেটর (মিউনিসিপ্যাল ফাইন্যান্স), আইইউজিআইপি, এলজিইডি
মোঃ জিনারুল ইসলাম
রিজিওনাল কো-অর্ডিনেটর (মিউনিসিপ্যাল ফাইন্যান্স), আইইউজিআইপি, এলজিইডি

সম্পাদনা

খান মো. রবিউল আলম
ডকুমেন্টেশন অ্যান্ড কমিউনিকেশন স্পেশালিস্ট, আইইউজিআইপি, এলজিইডি

মুদ্রণ

সংগতি প্রিন্টার্স
৪৪/সি, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
মোবাইল : ০১৯৩৬-৬৮৮৩১৫



প্রধান প্রকৌশলী (করটিন দায়িত্ব)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

মুখবন্ধ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) দেশের অন্যতম বৃহৎ প্রকৌশল সংস্থা। এলজিইডির মূল লক্ষ্য হলো, পল্লি, নগর ও পানিসম্পদ সেक्टर উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন ও দারিদ্র্য হ্রাসে সহায়তা করা। গত শতাব্দীর ৬০-এর দশকে পল্লীপূর্ত কর্মসূচির মধ্য দিয়ে এলজিইডি গ্রামীণ সড়ক উন্নয়ন কার্যক্রম শুরু করে। পরবর্তী সময়ে তা নগর ও পানিসম্পদ সেक्टरে বিস্তৃত হয়। এলজিইডির কার্যক্রম দেশের সার্বিক অগ্রগতিতে বিশেষ ভূমিকা রাখছে। বাংলাদেশে নগরায়ণ দ্রুতগতিতে এগিয়ে চলছে। জনগণের মধ্যে শহরমুখী হওয়ার প্রবণতা বাড়ছে। নগর বা শহরে শতকরা প্রায় ৪০ ভাগ মানুষ বাস করে। অচিরেই তা শতকরা ৫০ ভাগে উন্নীত হবে বলে অনুমান করা হচ্ছে। এ অবস্থায় নগরবাসীদের উন্নত সেবা প্রদান সিটি কর্পোরেশন বা পৌরসভাসমূহের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। নগর অবকাঠামো ও পরিচালন ব্যবস্থার উন্নয়ন ছাড়া উন্নত নাগরিক সেবা প্রদান সম্ভব নয়।

পরিকল্পিত নগরায়ণের জন্য পৌরসভাসমূহের সক্ষমতা উন্নয়নের বিকল্প নেই। বর্তমানে উন্নয়ন সহযোগী ও বাংলাদেশ সরকারের অর্থায়নে নগর অবকাঠামো ও পরিচালন ব্যবস্থা উন্নয়নে অর্থায়নের জন্য কিছু প্রকল্প বাস্তবায়ন করছে। নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি) তার অন্যতম। এ প্রকল্পের উদ্দেশ্য হলো, নগর পরিচালন ব্যবস্থা, অবকাঠামো উন্নয়ন এবং মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে টেকসই নগরায়ণ এগিয়ে নেওয়া। পাশাপাশি উন্নয়ন কার্যক্রমে নাগরিক, নারী ও দরিদ্র জনগোষ্ঠীর অংশগ্রহণ ও অন্তর্ভুক্তি, রাজস্ব আয় বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং পরিবেশের মান উন্নয়নকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

পৌরসভার আর্থিক সক্ষমতার অন্যতম দিক হলো কর বহির্ভূত রাজস্ব নির্ধারণ এবং আদায়। পৌরসভার উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য যা অত্যন্ত জরুরি। তবে, কর বহির্ভূত রাজস্ব নির্ধারণ ও আদায় সহজ কাজ নয়। পৌরসভার বহির্ভূত রাজস্ব নির্ধারণে আইন, নীতি ও বিধিমালার সুনির্দিষ্ট দিকনির্দেশনা রয়েছে। এ সকল আইন, নীতি এবং বিধিমালা সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা না থাকলে যথাযথভাবে কর বহির্ভূত রাজস্ব নির্ধারণ সম্ভব নয়। এ জন্য পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের এ বিষয়ে পূর্ণাঙ্গ ধারণা থাকতে হবে। কর বহির্ভূত রাজস্ব আদায়ের কৌশলগুলো সম্পর্কেও জানতে হবে। কর বহির্ভূত রাজস্ব আদায়ে কীভাবে পৌরবাসীর মধ্যে সচেতনতা বাড়ানো যায় সেটিও একটি গুরুত্বপূর্ণ কাজ। আমরা দেখেছি যে, বিভিন্ন উদ্ভাবনী কৌশল অনুসরণের মাধ্যমে পৌরসভাসমূহ কর সংগ্রহ করেছে। এসব উত্তম চর্চার পারস্পরিক বিনিময়ও জরুরি। উল্লেখ্য, পৌরসভার আর্থিক সক্ষমতা বাড়লে তা সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আমি জেনে আনন্দিত যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)-এর আওতায় পৌরসভার বহির্ভূত রাজস্ব নির্ধারণ ও আদায় বিষয়ক প্রশিক্ষণ সহায়িকা প্রণয়ন করা হয়েছে। আশা করি, এ প্রশিক্ষণ সহায়িকার কার্যকর বাস্তবায়ন পৌরসভার বহির্ভূত রাজস্ব সংগ্রহে পৌরসভার সক্ষমতা বৃদ্ধি এবং সার্বিক কার্যক্রম গতিশীল করবে।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)-এর গভর্নেন্স ইম্প্রুভমেন্ট অ্যান্ড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (জিআইসিডি) কনসালটেন্স সার্ভিসের পরামর্শক যারা নিষ্ঠা ও পেশাদারি উৎকর্ষের সঙ্গে সহায়িকাটি প্রণয়ন করেছেন তাঁদের সাধুবাদ জানাচ্ছি। পরিশেষে, এ প্রশিক্ষণ সহায়িকার সফল বাস্তবায়ন আশা করছি।

গোপাল কৃষ্ণ দেবনাথ



প্রকল্প পরিচালক
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

প্রসঙ্গ কথা

ক্রমবর্ধমান নগরায়ণের ফলে কর্মসংস্থানের জন্য প্রতিনিয়ত মানুষ গ্রাম থেকে নগর বা শহরমুখী হচ্ছে। ফলে নগরে জনসংখ্যা বাড়ছে। বাংলাদেশের প্রায় ৪০ শতাংশ মানুষ নগরে বা শহরে বসবাস করে। খুব শীঘ্রই তা ৫০ শতাংশে উন্নীত হবে বলে ধারণা করা হচ্ছে। নগরের এ ক্রমবর্ধমান মানুষের চাপ সামাল দেওয়া ও নাগরিক সেবা প্রদান বড় ধরনের চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এসব চ্যালেঞ্জ মোকাবেলা করতে হলে নিজেদের উন্নয়ন মনস্ক হতে হবে। মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে এবং তা তাদের মনে গেঁথে দিতে পারলে প্রত্যেক মানুষ একটি প্রতিষ্ঠান হিসেবে কাজ করতে পারবে।

বর্তমানে বাংলাদেশে ১২টি সিটি কর্পোরেশন ও ৩৩১টি পৌরসভা রয়েছে। নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের লক্ষ্য হলো, পরিকল্পনা অনুযায়ী টেকসই নগরায়ণ, নগর পরিচালন ব্যবস্থা ও মানবসম্পদ উন্নয়ন এবং অবকাঠামো উন্নয়নে প্রকল্পভূক্ত পৌরসভাসমূহকে সহায়তা প্রদান। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে পৌরসভা হলো অন্যতম। নগরবাসীর জন্য উন্নত মানের সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে পৌরসভা অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ধরনের উন্নয়ন ও সেবামূলক কাজ বাস্তবায়ন করে থাকে। এ সকল কাজ বাস্তবায়নের জন্য পৌরসভার পরিচালন ব্যবস্থার উন্নয়ন জরুরি। সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে বিভিন্ন দায়িত্ব ও কর্তব্য পালন করে পৌরসভা নগরবাসীর কাজিকত সেবা নিশ্চিত করে থাকে।

পরিচালন ব্যবস্থার উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির আওতায় পৌরসভাসমূহের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ, আর্থিক ব্যবস্থাপনা, নিজস্ব রাজস্ব আদায় বৃদ্ধি, রেকর্ডপত্রাদির সংরক্ষণে দক্ষতা বৃদ্ধির কোনো বিকল্প নেই। উন্নয়নমূলক ও একটি কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হলে পৌরসভা পরিচালনার সাথে যুক্ত সবার পৌর আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সম্যক ধারণা ও জ্ঞান থাকা প্রয়োজন। একই সঙ্গে, উন্নয়ন কাজ বাস্তবায়নে জনঅংশগ্রহণ কীভাবে বাড়ানো যায় সে সম্পর্কে কার্যকর হওয়াও গুরুত্বপূর্ণ।

পৌরসভাসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধি পেলেই সফলতার সঙ্গে কাজ করা সম্ভব। এ জন্য পৌরসভাসমূহ যদি স্থানীয় সম্পদ বিশেষত কর বহির্ভূত রাজস্ব যথাযথভাবে নির্ধারণ ও সংগ্রহ করতে পারে তাহলে তা উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের পথ সুগম করবে। পৌরসভার বহির্ভূত রাজস্ব নির্ধারণে আইন, নীতি ও বিধিমালা সম্পর্কিত নির্দেশনা রয়েছে। সেগুলো সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। একই সঙ্গে পৌরসভার বহির্ভূত রাজস্ব সংগ্রহে যে প্রয়োগিক দিকগুলো সম্পর্কেও পূর্ণাঙ্গ ধারণা থাকতে হবে। মোকদ্দম কথা হলো, পৌরসভার বহির্ভূত রাজস্ব নির্ধারণ ও আদায়ের সক্ষমতা অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করবে। এমনকি পৌরসভার বহির্ভূত রাজস্ব নির্ধারণ ও আদায়ে সক্ষমতা আত্মনির্ভরশীল হতেও সহায়তা করবে। পৌরবাসীর জনসচেতনতা বৃদ্ধি, আয়ের নতুন নতুন ক্ষেত্র চিহ্নিতকরণ এবং উদ্ভাবনী কৌশলগুলো প্রয়োগ করে পৌরসভার সংগ্রহ বাড়তে হবে।

আইইউজিআইপি-এর আওতায় প্রণীত পৌরসভার বহির্ভূত রাজস্ব নির্ধারণ ও আদায় বিষয়ক প্রশিক্ষণ সহায়িকাটি একটি সমন্বিত সহায়িকা। এ সহায়িকায় আইন, নীতি ও বিধিমালা, পৌরসভার বহির্ভূত রাজস্ব আদায়ের কৌশলগুলো বিস্তারিতভাবে তুলে ধরা হয়েছে। আমি মনে করি, এ প্রশিক্ষণ সহায়িকা পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের পৌরসভার নির্ধারণ ও আদায়ের সক্ষমতা উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। এ সহায়িকার বাস্তবায়ন পৌরসভার বহির্ভূত রাজস্ব সংগ্রহে গতি বাড়তে এবং পৌরসভাসমূহকে আর্থিকভাবে স্বনির্ভর হতে সহায়তা করবে।

আইইউজিআইপি-তে নিয়োজিত জিআইসিডি টিম লিডার ও পরামর্শকগণ এ প্রশিক্ষণ সহায়িকাটি তৈরি ও প্রকাশ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় তাঁদের ধন্যবাদ জানাই। মনে রাখতে হবে, পৌরসভার আর্থিক সক্ষমতা বাড়লে তা নিশ্চিতভাবে সুশাসন ব্যবস্থা উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।

মোঃ আব্দুল বারেক

সূচিপত্র

ক্রঃ নং	বিষয়	পৃষ্ঠা নং
০১	প্রকল্প পরিচিতি	০৯-১০
০২	ভূমিকা	১১-১২
০৩	UGIAP বাস্তবায়নে পৌরসভার স্থানীয় সম্পদের (রাজস্ব) গুরুত্ব	১২-১৪
০৪	পৌরসভার আয়ের বিভিন্ন উৎস	১৫
০৫	পৌরকর বহির্ভূত রাজস্ব আয়ের আইনগত ভিত্তি	১৫-১৬
০৬	পৌরকর বহির্ভূত রাজস্ব আয়ের খাতসমূহ	১৬-৫০
০৭	পৌরসভা পাবলিক মার্কেট	৫০-৫৫
০৮	সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং তা থেকে প্রাপ্ত আয়বন্টন সম্পর্কিত নীতিমালা	৫৫-৬৩
০৯	পৌর এলাকায় জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত পৌরসভাকে হস্তান্তর এবং ব্যবস্থাপনা	৬৩-৬৪
১০	উপসংহার	৬৪
১১	সংযোজনী	৬৫-৭০

প্রকল্প পরিচিতি

১। প্রকল্পের নাম	: নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)										
২। প্রকল্প কোড	: ২২৪৩৭৭৮০০										
৩। প্রকল্পের উদ্দেশ্য	: পরিকল্পনা অনুযায়ী টেকসই নগরায়ণ, নগর পরিচালন ব্যবস্থা ও মানবসম্পদ উন্নয়ন এবং অবকাঠামো উন্নয়নে সহায়তা করা;										
৪। উদ্যোগী মন্ত্রণালয় ও বিভাগ	: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ										
৫। বাস্তবায়নকারী সংস্থা	: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং প্রকল্পভুক্ত ৬৩টি পৌরসভা										
৬। প্রকল্প অনুমোদনের তারিখ	: ২০-০৬-২০২৩										
৭। বাস্তবায়নকাল	: আরম্ভ : ০১-০৭-২০২৩, সমাপ্তি : ৩০-০৬-২০২৮										
৮। প্রকল্পের ব্যয়	: <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <tr> <td>জিওবি</td> <td>১০০ (মিলিয়ন মার্কিন ডলার)</td> </tr> <tr> <td>এডিবি</td> <td>৩০০ (মিলিয়ন মার্কিন ডলার)</td> </tr> <tr> <td>এএফডি</td> <td>২০০ (মিলিয়ন মার্কিন ডলার)</td> </tr> <tr> <td>প্রকল্প সাহায্য</td> <td>০২ (মিলিয়ন মার্কিন ডলার)</td> </tr> <tr> <td colspan="2">সর্বমোট = ৬০২ (মিলিয়ন মার্কিন ডলার)</td> </tr> </table>	জিওবি	১০০ (মিলিয়ন মার্কিন ডলার)	এডিবি	৩০০ (মিলিয়ন মার্কিন ডলার)	এএফডি	২০০ (মিলিয়ন মার্কিন ডলার)	প্রকল্প সাহায্য	০২ (মিলিয়ন মার্কিন ডলার)	সর্বমোট = ৬০২ (মিলিয়ন মার্কিন ডলার)	
জিওবি	১০০ (মিলিয়ন মার্কিন ডলার)										
এডিবি	৩০০ (মিলিয়ন মার্কিন ডলার)										
এএফডি	২০০ (মিলিয়ন মার্কিন ডলার)										
প্রকল্প সাহায্য	০২ (মিলিয়ন মার্কিন ডলার)										
সর্বমোট = ৬০২ (মিলিয়ন মার্কিন ডলার)											

৯। প্রকল্পে মূলধারার পৌরসভার সংখ্যা ৬৩টি এবং পল্লী উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের আওতাভুক্ত পৌরসভার সংখ্যা ২৫টি (মোট পৌরসভার সংখ্যা ৮৮টি)।

ঢাকা বিভাগ (১৭টি পৌরসভা):

ভাঙ্গা, বোয়ালমারী, গোয়ালন্দ, আড়াইহাট, বাসুয়াড়ি, ধুপীগঞ্জ, কালীগঞ্জ, মধুপুর, হোসেনপুর, কালকিনি, নড়িয়া, মানিকগঞ্জ, টুঙ্গিপাড়া, মিরকাশিমা, হাঙ্গুলিয়া, খান্দুলিয়া এবং ভৈরব।

ময়মনসিংহ বিভাগ (৩টি পৌরসভা):

মদন, নকলা এবং গফরগাঁও।

চট্টগ্রাম বিভাগ (১৯টি পৌরসভা):

চন্দনাইশ, বাঁশখালী, সন্দ্বীপ, রাউজান, ব্রাহ্মণবাড়িয়া, ফরিদগঞ্জ, মতলব, হাজীগঞ্জ, চৌমুহনী, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, নাজিরহাট, বসুরহাট, দাগনভূঞা, রায়পুর, রামগঞ্জ, রামগতি এবং সোনাগাজী।

খুলনা বিভাগ (৭টি পৌরসভা):

আলমডাঙ্গা, ভেড়ামারা, কুমারখালী, কেশবপুর, গাংনী, মনিরামপুর এবং মহেশপুর।

রাজশাহী বিভাগ (১০টি পৌরসভা):

ভবানীগঞ্জ, নওহাটা, বাঘা, রোহনপুর, সাঁথিয়া, কেশরহাট, নজিপুর, সারিয়াকান্দি, শিবগঞ্জ এবং চারঘাট।

রংপুর বিভাগ (৩টি পৌরসভা):

পাটগ্রাম, উলিপুর এবং সুন্দরগঞ্জ।

সিলেট বিভাগ (৪টি পৌরসভা):

মৌলভীবাজার, ছাতক, কুলাউড়া, চুনারুঘাট।

O&M এর আওতাভুক্ত পৌরসভা (২৫টি পৌরসভা):

লক্ষ্মীপুর, লাকসাম, নবীনগর, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, ঝালকাঠি, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, মুন্সীগঞ্জ, চুয়াডাঙ্গা, যশোর, মেহেরপুর, মাগুরা, বেনাপোল, জয়পুরহাট, নেত্রকোণা, ঝিনাইদহ, শাহাজাদপুর, নীলফামারী, পঞ্চগড়, গোপালগঞ্জ, বরগুনা এবং পিরোজপুর।

১০। প্রকল্পের নগর পরিচালন উন্নয়ন পরিকল্পনার প্রধান কার্যক্রমসমূহ:

১. নাগরিক সচেতনতা এবং অংশগ্রহণ;
২. নগর পরিকল্পনা;
৩. নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তি;
৪. স্থানীয় সম্পদ আহরণ;
৫. আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা;
৬. পরিচালন ও রক্ষণাবেক্ষণ (ওঅ্যান্ডএম) এবং ব্যবস্থাপনা;
৭. জরিপকৃত রাস্তা, ড্রেন নেটওয়ার্ক এবং অন্যান্য সম্পদের তালিকা;
৮. প্রশাসনিক স্বচ্ছতা;
৯. পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা।

১১। প্রকল্পের অবকাঠামো উন্নয়ন পরিকল্পনার প্রধান কার্যক্রমসমূহ:

- ❖ ৬৩টি পৌরসভায় কমপক্ষে ৯০০ কিলোমিটার ড্রেন নির্মাণ/পুনর্নির্মাণ;
- ❖ ৬৩টি পৌরসভায় কমপক্ষে ১,৫০০ কিলোমিটার রাস্তা নির্মাণ/পুনর্নির্মাণ ও জেতার সংবেদনশীল অবকাঠামো নির্মাণ ও নিরাপত্তা প্রদান;
- ❖ কমপক্ষে ৭টি কমিউনিটিতে জলবায়ু সহনশীল পাবলিক স্পেস নির্মাণ/পুনর্নির্মাণ;
- ❖ ৬৩টি পৌরসভায় কমপক্ষে ৫০ শতাংশ নারীর অংশগ্রহণে নিম্নআয় এলাকা উন্নয়ন।

ভূমিকা

ব্রিটিশ শাসনামলে এ অঞ্চলে নগরকেন্দ্রিক স্থানীয় সরকার ব্যবস্থার প্রবর্তন ঘটে ১৭৯৩ সালে। এ সময়ে ব্রিটিশ সরকার কোলকাতা, মদ্রাজ ও বোম্বে শহরে পৌর প্রশাসন স্থাপনে একটি আদেশ জারির মাধ্যমে এসব প্রশাসনকে পৌরকর আরোপ ও আদায়, শান্তি-শৃঙ্খলা রক্ষায় বিচারক নিয়োগ, পরিচ্ছন্নতা ও নিরাপত্তার জন্য কর্মীনিয়োগের ক্ষমতা প্রদান করে। বাংলাদেশে পৌরসভা গঠিত হয় বেঙ্গল জেলা পৌরসভা আইন, ১৮৬৪-এর অধীন। এ আইনের অধীনে গঠিত পৌরসভাসমূহের উপর পৌরকর আরোপ ও আদায়ের ক্ষমতা এবং কিছু নাগরিক সেবা প্রদানের দায়িত্ব ন্যস্ত ছিল। নগরকেন্দ্রিক স্থানীয় সরকার ব্যবস্থা নাগরিক সেবার পরিধি বিস্তার এবং আয়ের উৎস সম্প্রসারণের মাধ্যমে ধীরে ধীরে বিবর্তিত হয়েছে।

নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে গণতান্ত্রিক উপায়ে পরিচালিত পৌরসভার বর্তমান ধারার প্রবর্তন ঘটে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পর। বাংলাদেশে প্রথম পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৭৩ সালে। পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ পরবর্তী সময়ে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর মাধ্যমে আরও বিকশিত এবং নগরকেন্দ্রিক স্থানীয় সরকার ব্যবস্থা সুসংগঠিত রূপ লাভ করে।

পৌরসভা বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ। দ্রুত নগরায়ণের ফলে দেশে শহরাঞ্চল বা পৌরসভাসমূহে দিনে দিনে জনসংখ্যার চাপ বৃদ্ধি পাচ্ছে, সর্বশেষ আদমশুমারি অনুযায়ী শহরাঞ্চলে এ বৃদ্ধির হার ৪.১% (আদমশুমারি, বিবিএস, ২০১১)। পৌরসভার সংখ্যা বাড়লেও পৌরসভাসমূহের জনবল, প্রশাসনিক সক্ষমতা ও সেবা প্রদানের সামর্থ্য সব ক্ষেত্রে সমান নয়। এ জন্য সুনির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে পৌরসভাসমূহকে ৩টি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে, যথা : 'ক', 'খ' ও 'গ' শ্রেণির পৌরসভা। বিভিন্ন পর্যবেক্ষণে দেখা গেছে, সব শ্রেণির পৌরসভাতেই পরিচালন ব্যবস্থা, সেবার পরিমাণ সম্প্রসারণ এবং মানসম্মত নাগরিক সেবা সরবরাহের ক্ষেত্রে আরও উন্নতি করার সুযোগ রয়েছে।

বর্তমানে পৌরসভাসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে। পৌর এলাকায় সরকারি সেবার পাশাপাশি পৌরসভাসমূহ নগর পরিকল্পনা, স্থানীয় অবকাঠামো উন্নয়ন এবং সড়ক উন্নয়ন থেকে শুরু করে সংক্রামক রোগ-ব্যাধি প্রতিরোধ ইত্যাদি গুরুত্বপূর্ণ নাগরিক সেবা প্রদানের কাজ করে থাকে।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়নকরণ (Urban Governance)-এর আওতায় নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি (UGIAP) বর্ণিত সকল কার্যাবলি ও করণীয় বিষয়গুলি কার্যময়ভাবে পরিচালিত মাত্রায় সাফল্য অর্জন করতে না পারলে ওই পৌরসভা পরবর্তী পর্যায়ের প্রকল্প সহায়তা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে। পৌরকর বহির্ভূত রাজস্ব আদায় বৃদ্ধি UGIAP-এর একটি উল্লেখযোগ্য কার্যক্রম। পৌরসভা মূলত তিনটি উৎস থেকে আর্থ সংগ্রহ করে থাকে যথা- নিজস্ব রাজস্ব আয়, উন্নয়ন খাতে প্রাপ্ত বরাদ্দ এবং মূলধন হিসাব। এই উৎসসমূহের মধ্যে রাজস্ব আয় পৌরসভার পূর্ণ নিয়ন্ত্রণাধীন। প্রতিটি পৌরসভা সরকারের পূর্বনুমোদনক্রমে পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ (সংশোধিত ২০১৭)-এ বর্ণিত সকল অথবা যেকোনো কর, উপ-কর, রেইট, টোল, ফিস ইত্যাদি আরোপের মাধ্যমে উক্ত রাজস্ব আয় করে থাকে। এদের মধ্যে কর, উপ-কর ও রেইট কর সম্পর্কিত রাজস্ব এবং লিজ/রেন্ট, টোল, ফিস ইত্যাদি কর বহির্ভূত রাজস্ব হিসেবে চিহ্নিত করা যায়। কর বহির্ভূত রাজস্ব খাতের আয় প্রতি বছর কমপক্ষে মুদ্রাস্ফীতিসহ ১০০% করতে ব্যর্থ হলে ওই পৌরসভা IUGIP-এর প্রকল্প সহায়তা থেকে বঞ্চিত হবে।

সুতরাং পৌরসভার কর বহির্ভূত রাজস্ব আদায় কীভাবে বাড়ানো যায়, সে সম্পর্কিত বিভিন্ন কর্মকৌশল সঠিকভাবে জানা সংশ্লিষ্ট অংশীদারদের জন্য অত্যন্ত জরুরি। ম্যানুয়ালটিতে অংশগ্রহণকারীদের সুবিধার্থে কর বহির্ভূত রাজস্ব আদায় অর্থাৎ সর্বশেষ উপ-কর, ফিস, লিজ, রেন্ট, টোল ইত্যাদি বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়েছে। আশা করা যায় প্রয়োজনীয় নির্দেশনা ও তথ্য সম্বলিত ম্যানুয়ালটি পৌরকর বহির্ভূত রাজস্ব আদায় বৃদ্ধিতে সঠিক অবদান রাখবে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩-এর বিধি-২(খ) অনুযায়ী 'কর' অর্থ কোনো কর, উপ-কর, রেইট, টোল, ফিস অথবা আইনের অধীনে আরোপযোগ্য অন্য কোনো কর। এসব করের উদাহরণসহ সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হলো :

কর : সেবা প্রদান ছাড়া পৌরসভা এলাকার বাসিন্দাদের নিকট থেকে পৌরসভা যে নির্দিষ্ট পরিমাণ অর্থ আদায় করে সেটা কর নামে অভিহিত। যেমন : ভূমি ও ইমারত বা গৃহের বার্ষিক মূল্যায়নের ভিত্তিতে আরোপিত কর।

উপ-কর : মূল বা বৃহত্তর করে একটি অংশকে উপ-কর বলা হয়ে থাকে। ইংরেজিতে Sub-tax is a tax making part of larger tax, যেমন- পৌরসভা এলাকার স্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর করের একটি অংশ পৌরসভা প্রাপ্ত হয়।

রেইট : নির্ধারিত/প্রত্যক্ষ সেবা প্রদানের বিনিময়ে পৌরসভা, পৌর এলাকার বাসিন্দাদের নিকট থেকে যে অর্থ আদায় করে তা 'রেইট'-এর অন্তর্ভুক্ত। যেমন- পানির স্থাপনা ও সরবরাহ ব্যবস্থাপনার জন্য রেইট, ময়লা আবর্জনা অপসারণ রেইট, বাতি রেইট এবং পয়ঃনিষ্কাশন রেইট ইত্যাদি।

ফিস : পরোক্ষ সেবা প্রদানের বিনিময়ে পৌরসভা কর্তৃক আদায়যোগ্য কর 'ফিস' নামে অভিহিত হয়। যেমন- ট্রেড লাইসেন্স ফি, পাকা ইমারত নির্মাণের অনুমোদন ফি ইত্যাদি।

টোল : টোল হচ্ছে পৌরসভার আওতাধীনে নির্মিত পৌরসভার কোনো অবকাঠামো বা স্থাপনা বা কোনো ভূমি বা কোনো সম্পদ অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অস্থায়ীভাবে তার বা তাদের প্রয়োজনে ব্যবহার বা ব্যবসা পরিচালনার জন্য ব্যবহারের অনুমতি প্রদানের বিনিময়ে প্রাপ্ত অর্থ। যেমন- কোনো সেতু ব্যবহারের জন্য বা খেয়া পারাপারের জন্য আদায়কৃত অর্থ।

UGIAP বাস্তবায়নে পৌরসভার স্থানীয় সম্পদের (রাজস্ব) গুরুত্ব

পৌরসভাসমূহ স্থানীয় সম্পদ (রাজস্ব) ব্যবহার করে নাগরিক পরিষেবা (যেমন- সড়ক, ড্রেন, সড়ক বাতি, কঠিনবর্জ্য অপসারণ এবং অন্যান্য সেবা) প্রদান করে থাকে। পৌরসভার রাজস্ব আসে-

- ❖ পৌরসভার বা হোল্ডিং ট্যাক্স;
- ❖ পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত); এবং
- ❖ পানির বিল থেকে।

পৌরসভার নিজস্ব উদ্যোগে অবকাঠামো নির্মাণে ও পৌরসেবা প্রদানে সামর্থ্য অর্জন করতে হলে স্থানীয় সম্পদ (রাজস্ব) আয় বৃদ্ধির কোনো বিকল্প নেই। বাংলাদেশ সরকার, ADB এবং AFD সহায়তাপুষ্ট নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প IUGIP আওতায় UGIAP কর্মকাণ্ড বাস্তবায়ন করা প্রতিটি পৌরসভার জন্য বাধ্যবাধকতা রয়েছে। UGIAP-এর মোট ৯টি এরিয়া এবং ২৮টি কর্মতৎপরতা/কার্যক্রম রয়েছে। স্থানীয় সম্পদের (রাজস্ব) মাধ্যমে UGIAP-এর সমস্ত কার্যক্রম পরিচালিত হয়। UGIAP-এ বর্ণিত সকল কার্যাবলি ও করণীয় বিষয়াদি বাস্তবায়নে নির্দেশিত মাত্রায় সাফল্য অর্জন করতে না পারলে ওই পৌরসভা পরবর্তী পর্যায়ের প্রকল্প সহায়তা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে। UGIAP-এর সংক্ষিপ্ত বিবরণ এবং তা বাস্তবায়নে পৌরসভার স্থানীয় সম্পদের (রাজস্ব) গুরুত্ব নিম্নে ধারাবাহিকভাবে আলোচনা করা হলো :

এরিয়া-১. নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ; স্কের-১৭

কর্মতৎপরতা/কার্যক্রম ৪টি যথা:

- ১.১. TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র : পৌরসভা আইন, ২০০৯-এর ১১৫ ধারা); স্কের-৬
- ১.২. ওয়ার্ড কমিটি (WC) গঠন এবং কার্যকর রাখা (সূত্র: পৌরসভা আইন ২০০৯, ধারা-১৪); স্কের-৩
- ১.৩. নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়ন (সূত্র : পৌরসভা আইন ২০০৯, ধারা-৫৩); স্কের-৩
- ১.৪. তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (IGRC) গঠন ও কার্যকর; স্কের-৫

এরিয়া- ২. নগর পরিকল্পনা; স্কোর-৭

কর্মতৎপরতা/কার্যক্রম ৩টি যথা:

- ২.১. পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) প্রণয়ন ও বাস্তবায়ন; স্কোর-২
- ২.২. মাস্টারপ্ল্যান প্রস্তুত এবং অনুসরণ; স্কোর-২
- ২.৩. উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ; স্কোর-৩

এরিয়া- ৩. নারী ও শহুরে দরিদ্রদের সমতা এবং অন্তর্ভুক্তি; স্কোর-৮

কর্মতৎপরতা/কার্যক্রম ২টি যথা:

- ৩.১. দারিদ্র্য নিরসন এবং জেভার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নির্দিষ্ট পরিসর ও পদ্ধতি উন্নয়ন এবং নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র: পৌরসভা আইন, ২০০৯-এর ৫৫ ধারা) স্কোর-৪
- ৩.২. নিম্ন আয় এলাকা উন্নয়নের জন্য 'নিম্ন আয় কমিউনিটি উন্নয়ন কমিটি' (LINIC) গঠন। স্কোর-৪

এরিয়া- ৪. স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি; স্কোর-১৮

কর্মতৎপরতা/কার্যক্রম ৪টি যথা:

- ৪.১. হোল্ডিং ট্যাক্সের মাধ্যমে রাজস্ব আহরণ; স্কোর-৬
- ৪.২. পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ- (হোল্ডিং ট্যাক্স ব্যতীত); স্কোর-৬
- ৪.৩. কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন; স্কোর-৩
- ৪.৪. পানির বিল নির্ধারণ ও সংগ্রহ; স্কোর-৩

এরিয়া- ৫. আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা এবং স্থায়িত্বশীলতা; স্কোর-১৮

কর্মতৎপরতা/কার্যক্রম ৫টি যথা:

- ৫.১. সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পূর্ণ করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্র: পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ৫৫); স্কোর-২
- ৫.২. হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পূর্ণ করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা: (সূত্র: পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ৫৫); স্কোর-৫
- ৫.৩. কম্পিউটারভিত্তিক হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন; স্কোর-২
- ৫.৪. স্টাফদের বেতন, বিদ্যুৎ ও টেলিফোন বিল এবং ঋণ পরিশোধ; স্কোর-৭
- ৫.৫. স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরি এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন; স্কোর-২

এরিয়া- ৬ অপারেশন এবং রক্ষণাবেক্ষণ (O&M) এবং ব্যবস্থাপনা; স্কোর-৮

কর্মতৎপরতা/কার্যক্রম ২টি যথা :

- ৬.১. বার্ষিক বাজেটের ২৫% বিধানসহ জেভার কার্যক্রমের বার্ষিক অপারেশন এবং রক্ষণাবেক্ষণ (O&M) পরিকল্পনা প্রস্তুত করা; স্কোর-৪
- ৬.২. অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য Mobile Maintenance Team (MMT) কার্যকার রাখা; স্কোর-৪

এরিয়া- ৭ জরিপকৃত রাস্তা, ড্রেন নেটওয়ার্ক এবং অন্যান্য সম্পদের তালিকা; স্কোর-৪

কর্মতৎপরতা/কার্যক্রম ১টি যথা :

৭.১ রাস্তা ও ড্রেন নেটওয়ার্কের অবস্থা জরিপ করা এবং নথিভুক্তকরণ; স্কোর-৪

এরিয়া- ৮ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা এবং স্থায়িত্বশীলতা; স্কোর-৬

কর্মতৎপরতা/কার্যক্রম ৩টি যথা:

৮.১ স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্র : পৌরসভা আইন ২০০৯ এর ধারা ৫৫); স্কোর-২

৮.২ সকল প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ; স্কোর-২

৮.৩ সুশাসনের জন্য উন্নত তথ্যপ্রযুক্তি (IIT) ব্যবহার করা- (সূত্র: পৌরসভা আইন, ২০০৯-এর ধারা-৫৪);
স্কোর-২

এরিয়া-৯ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা; স্কোর-১৪

কর্মতৎপরতা/কার্যক্রম ৪টি যথা :

৯.১ বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা; স্কোর-৪

৯.২ ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ; স্কোর-৪

৯.৩ সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা; স্কোর-৩

৯.৪ স্যানিটেশন ব্যবস্থাপনা; স্কোর-৩

প্রতি আর্থিক বছরের শেষে অগ্রগতি পর্যালোচনা এবং পর্যবেক্ষণ দল (PRMT) কর্তৃক একটি মূল্যায়ন করা হবে। প্রকল্পভুক্ত পৌরসভার কর্মক্ষমতা নিচের সারণি অনুসারে রেট মূল্যায়ন করা হবে :

চিহ্নিতকরণের মানদণ্ড

নাম্বার	শ্রেণি	ফলাফল/পরিণাম
৯০-১০০ নাম্বার	এ +(অসাধারণ)	পৌরসভাকে উন্নীত করা হবে এবং পরবর্তী এক বছরের জন্য ১০০% অবকাঠামো তহবিল পাবে।
৮০-৮৯ নাম্বার	এ (খুব ভালো)	পৌরসভাকে উন্নীত করা হবে এবং পরবর্তী এক বছরের জন্য ৮০% অবকাঠামো তহবিল পাবে।
৭০-৭৯ নাম্বার	বি (ভালো)	পৌরসভাকে উন্নীত করা হবে এবং পরবর্তী এক বছরের জন্য ৭০% অবকাঠামো তহবিল পাবে।
৬০-৬৯ নাম্বার	সি (সন্তোষজনক)	পৌরসভাকে উন্নীত করা হবে এবং পরবর্তী এক বছরের জন্য ৬০% অবকাঠামো তহবিল পাবে।
৬০-এর নিচে	ডি (অসন্তোষজনক)	প্রকল্প থেকে পৌরসভা বাদ যেতে পারে।

১. পৌরসভার আয়ের বিভিন্ন উৎস

পৌরসভার রাজস্ব আসে

- ❖ পৌরকর বা হোল্ডিং ট্যাক্স;
- ❖ পৌরকর বহির্ভূত রাজস্ব বা পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত); এবং
- ❖ পানির বিল।



পৌরকর বহির্ভূত রাজস্ব আয়ের আইনগত ভিত্তি

পৌরসভা যে সকল খাত থেকে রাজস্ব আয় করতে পারে তা আইন ও বিধি দ্বারা নির্ধারিত। এক্ষেত্রে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ৮৯ ধারা বিশেষভাবে উল্লেখযোগ্য। এখানে পৌরসভা কোন কোন উৎস থেকে তহবিল সংগ্রহ করতে পারবে, তা নির্ধারণ করা হয়েছে এবং ৯৮ ধারায় পৌরকর রাজস্ব ও পৌরকর বহির্ভূত রাজস্ব আয়ের খাতসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ (সংশোধিত ২০১৭) যা সরকার কর্তৃক প্রণীত। এখানে কর বহির্ভূত বিভিন্ন আয়ের উৎস এবং করের হার ও পরিমাণ নির্ধারণ করা হয়েছে।

এস, আর, ও নং ৩০৭-আইন/২০১৭। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা নং ১০০-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার 'পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪'-এর আংশিক সংশোধন করে। কর, উপ-কর, রেইট, টোল বা ফিস আরোপের ক্ষেত্রে দেশের সকল পৌরসভা এই তফসিল অনুসরণ করবে। এই তফসিলে মোট ২৭টি দফা রয়েছে :

- দফা ১ : এ সংশ্লিষ্ট শিরোনাম ও প্রয়োগের ক্ষেত্র বর্ধিত;
- দফা ২ : এ তফসিলে ব্যবহৃত বিভিন্ন শব্দের সংজ্ঞা রয়েছে এবং:
- দফা ৩-২৬-এ : পৌরসভা কর্তৃক আরোপযোগ্য বিভিন্ন কর ও কর বহির্ভূত রাজস্ব আয় খাতের প্রাথমিক সর্বোচ্চ করের হার/পরিমাণ নির্ধারণ এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করা হয়েছে;
- দফা ২৭ : দ্বারা পৌরসভা আদর্শ কর তফসিল, ২০০৩ রহিত করা হয়েছে।

২. পৌরকর বহির্ভূত রাজস্ব আয়ের খাতসমূহ

- ৩.১ পৌরকর বহির্ভূত রাজস্ব খাতসমূহ নিম্নোক্ত ৪টি উৎস থেকে আহত হয়:
- ❖ প্রশাসনিক রাজস্ব খাত থেকে আয়;
 - ❖ বাণিজ্যিক রাজস্ব খাত থেকে আয়;
 - ❖ অনুদান ও দান খাত থেকে আয়;
 - ❖ বিবিধ খাত থেকে আয়;
- ৩.২ পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ (সংশোধিত ২০১৭)-এর ৪ থেকে ২০ দফা পৌরকর বহির্ভূত রাজস্ব আদায়ের দফা ও খাত নিম্নরূপ :
৪. স্থাবর সম্পত্তি হস্তান্তর কর;
 ৫. ইয়ারত নির্মাণ এবং পুনর্নির্মাণের আবেদনের উপর কর;
 ৬. পেশা, ব্যবসা-বাণিজ্য, জীবিকা-বৃত্তি, প্রতিষ্ঠান ইত্যাদির উপর কর;
 ৭. বিজ্ঞাপনের উপর কর;
 ৮. হোল্ডিং (ইয়ারত, ভূমি, ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠান ইত্যাদি)-এর নামজারির উপর কর;
 ৯. বিবাহ, দত্তক গ্রহণ ইত্যাদির উপর কর;
 ১০. জন্ম-মৃত্যু ও নাগরিকত্বের নিবন্ধন ইত্যাদির উপর কর;
 ১১. সিনেমা, মেলা, ঞ্চশশী, বিনোদন, কেবল টিভি শাইন সংযোগ, সমাবেশ ও অনুষ্ঠানাদির উপর কর;
 ১২. পোষা জন্তুর উপর কর;
 ১৩. পত জবাই ফি;
 ১৪. পশুপালন নিয়ন্ত্রণে ষ্ঠায়াজ সংরক্ষণ বাবদ ঞ্চাঙ অর্ধ;
 ১৫. রাত্তা কর্তনের জন্য ক্ষতিপূরণ বাবদ ঞ্চাঙ অর্ধ;
 ১৬. কর নির্ধারণ সংক্রান্ত তথ্য তহ্রাশি ও অনুলিপি প্রদানের ফি;
 ১৭. হোল্ডিং-এর ডি ফরম, ব্যবসায়িক সনদপত্র ও ট্রেড লাইসেন্সের আবেদন ফি;
 ১৮. খাদ্য প্রস্তুত, পরিবেশন বা বিক্রয়ের জন্য ব্যবহৃত আঙ্গণের নিবন্ধীকরণ ফি;
 ১৯. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, ইনস্টিটিউট প্রভৃতির নিবন্ধন ফি এবং জরিমানা ইত্যাদি;
 ২০. বেসরকারি বাজার প্রতিষ্ঠার উপর লাইসেন্স ফি।
- ৩.৩ পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ (সংশোধিত ২০১৭)-এর ৪ থেকে ২০ দফায় বর্ণিত পৌরকর বহির্ভূত রাজস্ব আদায় খাত নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো :

দফা-৪। স্থাবর সম্পত্তি হস্তান্তর করা আরোপ।

স্থাবর সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে হস্তান্তর দলিলে উল্লিখিত মূল্যের সর্বোচ্চ ২% (শতকরা দুই ভাগ) হারে কর আরোপ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ওয়াকফ-ই-আল আওয়াদ ব্যতীত নিবন্ধনকৃত ধর্মীয়, দাতব্য, তীর্থা বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে যেকোনো দান বা উইল সংক্রান্ত হস্তান্তর দলিলের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না:

- ✦ আরও শর্ত থাকে যে, বৈধ ঋণ পরিশোধের জন্য কোনো স্থাবর সম্পত্তি হস্তান্তর দলিলের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না।
- ✦ স্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর কর আদায়ের রাশিদের নমুনা কর্পি (সংযোজনী-১)
- ✦ স্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর কর আদায়ের রেজিস্টার বহির নমুনা কর্পি (সংযোজনী-২)
- ✦ স্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর কর আদায়ের কাশ বহির নমুনা কর্পি (সংযোজনী-৩)
- ✦ ট্রেজারি বাজানের নমুনা কর্পি (সংযোজনী-৪)
- ✦ ট্রেজারি/শাব-ট্রেজারি/তফসিলী ব্যাংকে স্থাবর সম্পত্তি হস্তান্তরের দৈনিক কর আদায়ের মাসিক হিসাববইক নমুনা কর্পি (সংযোজনী-৫)
- ✦ ট্রেজারি/শাব-ট্রেজারি/তফসিলী ব্যাংকে বিভিন্ন পৌরসভা এজেকাধীন স্থাবর সম্পত্তি হস্তান্তরে আদায়কৃত করের একীভূত মাসিক বিবরণীর নমুনা কর্পি (সংযোজনী-৬)

দফা-৫। ইমারত নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের উপর কর আরোপ।

(১) নিম্নের টেবিলের কলাম (২)-এ উল্লিখিত ইমারত নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের ক্ষেত্রে উহাদের বিপরীতে 'ক' শ্রেণির পৌরসভার জন্য কলাম (৩) এবং 'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার জন্য কলাম (৪)-এ উল্লিখিত হারে কর আরোপ করা যাইবে, যথা:

টেবিল

ক্র. নং	বিবরণ	'ক' শ্রেণির পৌরসভা	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভা
(১)	নকশা অনুমোদনের আবেদন কি	১,০০০ টাকা	৫০০ টাকা
(২)	সীমানা প্রাচীর (পাকা)	১০০ বর্গফুট পর্যন্ত ৩০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১/- টাকা।	১০০ বর্গফুট পর্যন্ত ২৫০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ০.৭৫ টাকা।
(৩)	অস্থায়ী কাঁচা স্থাপনা (প্রতিটি)	৫০০ বর্গফুট পর্যন্ত ৪০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১/- টাকা।	৫০০ বর্গফুট পর্যন্ত ৩০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ০.৭৫ টাকা।
(৪)	আধাপাকা (আবাসিক)	৫০০ বর্গফুট পর্যন্ত ৬০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১/- টাকা।	৫০০ বর্গফুট পর্যন্ত ৪০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ০.৭৫ টাকা।
(৫)	আধা পাকা (বাণিজ্যিক)	৫০০ বর্গফুট পর্যন্ত ১০০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১.৫০ টাকা।	৫০০ বর্গফুট পর্যন্ত ৮০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১.২০ টাকা।
(৬)	পাকা ইমারত (আবাসিক)	৫০০ বর্গফুট পর্যন্ত ১০০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১.৫০ টাকা।	৫০০ বর্গফুট পর্যন্ত ৮০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১/- টাকা।
(৭)	পাকা ইমারত (বাণিজ্যিক)	৫০০ বর্গফুট পর্যন্ত ১,৫০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ২/- টাকা।	৫০০ বর্গফুট পর্যন্ত ১,২০০/- টাকা এবং পরবর্তী প্রতি বর্গফুটের জন্য ১.৭৫ টাকা।

- (২) বিক্রয়ের উদ্দেশ্যে নির্মিত ফ্ল্যাট, বাড়ি, মার্কেট, কমার্শিয়াল ভবন, মুনাফার উদ্দেশ্যে নির্মিত ক্লিনিক বাণিজ্যিক ইমারত হিসেবে গণ্য হইবে।
- (৩) প্রাইভেট বা বেসরকারি হাসপাতাল, বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট ভবন ইত্যাদি এবং সকল শিল্প কারখানা এই দফায় বাণিজ্যিক ইমারত হিসেবে গণ্য হইবে।
- (৪) প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত কোনো ইমারত পুনঃনির্মাণের আবেদনের উপর এই কর আরোপ করা যাইবে না।
- (৫) কোনো ধর্মীয় উপাসনালয় নির্মাণ এবং পুনঃনির্মাণের আবেদনের ক্ষেত্রে এইরূপ কর আরোপ করা যাইবে না।

দফা-৬। পেশা, ব্যবসা-বাণিজ্য, জীবিকা-বৃত্তি ও প্রতিষ্ঠান ইত্যাদির উপর কর আরোপ।

- (১) পৌরসভার মধ্যে মুনাফা লাভের উদ্দেশ্যে ব্যবসা, পেশা বা বৃত্তি পরিচালনাকারী নিম্নের টেবিলের কলাম (২)-এ উল্লিখিত ব্যবসা, পেশা, বৃত্তি বা প্রতিষ্ঠানের উপর উহাদের বিপরীতে, 'ক' শ্রেণির পৌরসভার জন্য কলাম (৩) এবং 'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার জন্য কলাম (৪)-এ উল্লিখিত হারে বাৎসরিক কর আরোপ করা যাইবে, যথা :

ক্র. নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)
(১)	(ক) শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠান (লিমিটেড কোম্পানি) :		
	(১) পরিশোধিত মূলধন ৫ লক্ষ টাকা পর্যন্ত	১,৮০০/-	১,৫০০/-
	(২) ৫ লক্ষ টাকার অধিক কিন্তু ১০ লক্ষ টাকার কম	৩,০০০/-	২,৫০০/-
	(৩) ১০ লক্ষ টাকার অধিক কিন্তু ২৫ লক্ষ টাকার কম	৪,০০০/-	৩,৫০০/-
	(৪) ২৫ লক্ষ টাকার অধিক কিন্তু ৫০ লক্ষ টাকার কম	৫,০০০/-	৪,০০০/-
	(৫) ৫০ লক্ষ টাকার অধিক কিন্তু ১ কোটি টাকার কম	৬,০০০/-	৪,৫০০/-
	(৬) ১ কোটি টাকার অধিক কিন্তু ৫ কোটি টাকার কম	৯,০০০/-	৭,৫০০/-
	(৭) ৫ কোটি টাকার অধিক কিন্তু ১০ কোটি টাকার কম	১০,৮০০/-	১০,২৫০/-
	(৮) ১০ কোটি টাকার অধিক কিন্তু ৫০ কোটি টাকার কম	২৫,০০০/-	২০,০০০/-
	(৯) ৫০ কোটি এবং তদূর্ধ্ব টাকা	৫০,০০০/-	৪০,০০০/-
(২)	(খ) ক্ষুদ্র ও কুটির শিল্প (লিমিটেড কোম্পানি ব্যতীত)		
	(১) মূলধন ৫০ হাজার টাকা হইতে ১ লক্ষ টাকা পর্যন্ত	২৫০/-	২০০/-
	(২) মূলধন ১ লক্ষ টাকা হইতে ২ লক্ষ টাকা পর্যন্ত	৩০০/-	২৫০/-
	(৩) মূলধন ২ লক্ষ টাকার উর্ধ্বে	৫০০/-	৪০০/-
	(গ) মৎস্য, হাঁস-মুরগি, গবাদি পশু, দুগ্ধ, কৃষি ইত্যাদি খামার (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
	(১) মূলধন ৫০ হাজার টাকা হইতে ১ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	২০০/-	১৫০/-
	(২) মূলধন ১ লক্ষ টাকা হইতে ৩ লক্ষ টাকা পর্যন্ত	৪০০/-	৩০০/-
	(৩) মূলধন ৩ লক্ষ টাকা হইতে ১০ লক্ষ টাকা পর্যন্ত	৬০০/-	৫০০/-
	(৪) মূলধন ১০ লক্ষ টাকা হইতে ২৫ লক্ষ টাকা পর্যন্ত	১,০০০/-	৮০০/-
	(৫) মূলধন ৫০ লক্ষ টাকার উর্ধ্বে	৪,০০০/-	৩,২০০/-
	(ঘ) শুদাম (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
	(১) মূলধন ১ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	৮০০/-	৭০০/-

ক্রঃ নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক' শ্রেণির পৌরসভার বাস্তবিক করে হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাস্তবিক করে হার (টাকা)
(২)	মূলধন ১ লক্ষ টাকা হইতে ৫ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	১,৫০০/-	১,২০০/-
(৩)	মূলধন ৫ লক্ষ টাকা হইতে ১০ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	৩,০০০/-	২,৫০০/-
(৪)	মূলধন ১০ লক্ষ টাকার উর্ধ্বে	৫,০০০/-	৪,০০০/-
(৫)	হিমাগার (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
(১)	মূলধন ২৫ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	২,২৫০/-	২,১০০/-
(২)	মূলধন ২৫ লক্ষ টাকা হইতে ১ কোটি টাকার নিম্ন পর্যন্ত	৪,৫০০/-	৪,২৭৫/-
(৩)	১ কোটি টাকার উর্ধ্বে	৬,৭৫০/-	৬,৪১০/-
(৬)	ইট ভাটা, সিরামিক প্রস্তুতকারক ইত্যাদি (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
(১)	মূলধন ২০ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	৭,৫০০/-	৬,০০০/-
(২)	মূলধন ২০ লক্ষ টাকা হইতে ৪০ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	১২,০০০/-	১০,০০০/-
(৩)	মূলধন ৪০ লক্ষ টাকার উর্ধ্বে	২০,০০০/-	১৬,০০০/-
(৭)	ধান, গম, ভুট্টা, সরিষা ইত্যাদি ভান্ডানোর কল বা মিল (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
(১)	মূলধন ৫০ হাজার টাকার নিম্ন পর্যন্ত	৪০০/-	৩০০/-
(২)	মূলধন ৫০ হাজার টাকা হইতে ২ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	৫০০/-	৪০০/-
(৩)	মূলধন ২ লক্ষ টাকা হইতে ৫ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	১,০০০/-	৮০০/-
(৪)	মূলধন ৫ লক্ষ টাকার উর্ধ্বে	১,৫০০/-	১,২৫০/-
(৮)	স'মিল, কার্ঠের লগ, ডিজেল, গ্যাস বা বিদ্যুৎ চালিত অন্যান্য মিল (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
(১)	মূলধন ১ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	১,০০০/-	৮০০/-
(২)	মূলধন ১ লক্ষ টাকা হইতে ৩ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	১,৫০০/-	১,২০০/-
(৩)	মূলধন ৩ লক্ষ টাকা হইতে ৫ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	২,০০০/-	১,৫০০/-
(৪)	মূলধন ৫ লক্ষ টাকা হইতে ১০ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	৩,০০০/-	২,৫০০/-
(৫)	মূলধন ১০ লক্ষ টাকার উর্ধ্বে	৫,০০০/-	৪,০০০/-
(৯)	সফটওয়্যার, হার্ডওয়্যার, ইলেকট্রনিক্স প্রস্তুতকারক/সংযোজনকারী ফার্ম (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
(১)	মূলধন ৫ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	২,০০০/-	১,৫০০/-
(২)	মূলধন ৫ লক্ষ টাকা হইতে ১০ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	৩,০০০/-	২,৫০০/-
(৩)	মূলধন ১০ লক্ষ টাকা হইতে ২৫ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত	৫,০০০/-	৪,০০০/-
(৪)	মূলধন ২৫ লক্ষ টাকার উর্ধ্বে	৮,০০০/-	৬,৫০০/-
(১০)	ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান, বেসরকারি অফিস, প্রতিষ্ঠান বা সংস্থা বা উহাদের কোনো শাখা :		
(১)	তফসিলী ব্যাংক	৪,০০০/-	৩,০০০/-
(২)	বীমাকারী প্রতিষ্ঠান	১,৫০০/-	১,২০০/-
(৩)	ঋণদানকারী/লিজিং প্রতিষ্ঠান	১,৫০০/-	১,২০০/-
(৪)	মানি এক্সচেঞ্জ	১,৫০০/-	১,২০০/-

ক্রম নং	ব্যবসা, কৃষি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)
(৫)	শেয়ার ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান	১,৫০০/-	১,২০০/-
(৬)	এটিএম বুথ	১,৫০০/-	১,২০০/-
(৭)	মোবাইল ব্যাংকিং	১,৫০০/-	১,২০০/-
(৮)	এনজিও প্রতিষ্ঠান :		
	(ক) মাইক্রোক্রেডিট পরিচালনাকারী	৫,০০০/-	৩,৫০০/-
	(খ) বৈদেশিক সাহায্যপুষ্ট	২,০০০/-	১,৫০০/-
	(আ) স্থানীয় অর্থে পরিচালিত	৭৫০/-	৬০০/-
	(খ) মাইক্রোক্রেডিট পরিচালনাকারী নয়	১,৫০০/-	১,২০০/-
(৯)	অর্থলগ্নীকারী ব্যক্তি/প্রতিষ্ঠান	২,০০০/-	১,৫০০/-
(৪)	ঠিকাদারী, সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা তাহাদের এজেন্ট :		
	(১) ঠিকাদারী/কনস্ট্রাকশন প্রতিষ্ঠান		
	(ক) বিশেষ শ্রেণি	৪,০০০/-	৩,৫০০/-
	(খ) প্রথম শ্রেণি	২,০০০/-	২,০০০/-
	(গ) দ্বিতীয় শ্রেণি	১,৫০০/-	১,৫০০/-
	(ঘ) তৃতীয় শ্রেণি	১,০০০/-	১,০০০/-
	(২) সরবরাহকারী প্রতিষ্ঠান	৭৫০/-	৭৫০/-
	(৩) ইজারাদার	৭৫০/-	৭৫০/-
(৫)	শিক্ষা প্রতিষ্ঠান, ট্রেনিং সেন্টার এবং কোচিং সেন্টার ইত্যাদি :		
	(১) বেসরকারি বিশ্ববিদ্যালয়	৭,৫০০/-	৫,০০০/-
	(২) বেসরকারি প্রকৌশল ও কারিগরি মহাবিদ্যালয়	৬,০০০/-	৪,০০০/-
	(৩) বেসরকারি মেডিকেল কলেজ	৬,০০০/-	৪,০০০/-
	(৪) বেসরকারি মহাবিদ্যালয়	২,০০০/-	১,৫০০/-
	(৫) বেসরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	১,২০০/-	১,২০০/-
	(৬) বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়	৭০০/-	৭০০/-
	(৭) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়	৫০০/-	৫০০/-
	(৮) কিভারগার্টেন স্কুল (বাংলা/ইংরেজি মাধ্যম)	১,০০০/-	১,০০০/-
	(৯) ট্রেনিং সেন্টার (সাধারণ/কম্পিউটার)	৪৫০/-	৪০০/-
	(১০) ট্রেনিং সেন্টার (ভোকেশনাল)	৫০০/-	৫০০/-
	(১১) কোচিং সেন্টার/টিউটোরিয়াল	৯০০/-	৮৫০/-
(৬)	বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, নার্সিং হোম এবং ডায়াগনস্টিক সেন্টার ইত্যাদি (লিমিটেড কোম্পানি/ দাতব্য প্রতিষ্ঠান ব্যতীত) :		
	(১) ১ শয্যা হইতে ২০ শয্যা পর্যন্ত ক্লিনিক বা হাসপাতাল	৭,৫০০/-	৬,৭৫০/-
	(২) ২১ শয্যা হইতে ৩০ শয্যা পর্যন্ত	১০,০০০/-	৯,০০০/-

ক্রম নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাহ্যস্বয়িক করের হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাহ্যস্বয়িক করের হার (টাকা)
(৩)	৩১ শয্যা হইতে ৪০ শয্যা পর্যন্ত	১৫,০০০/-	১২,৫০০/-
(৪)	৪০ শয্যার উপরে	২৫,০০০/-	২২,৫০০/-
(৫)	প্যাথলজিক্যাল বা ডায়াগনস্টিক সেন্টার (বড়)	১৫,০০০/-	১২,৫০০/-
(৬)	প্যাথলজিক্যাল বা ডায়াগনস্টিক সেন্টার (ছোট)	৫,০০০/-	৩,৫০০/-
(৭)	ডেন্টাল ক্লিনিক (বড়)	৩,০০০/-	২,৫০০/-
(৮)	ডেন্টাল ক্লিনিক (ছোট)	১,৫০০/-	
(৭)	স্থানীয় এজেন্ট, ব্রোকার ইত্যাদি :		
(১)	ইভেন্টিং এবং কমিশন এজেন্ট	১,৩৫০/-	১,২৮০/-
(২)	ক্রিমারিং এবং ফরওয়ার্ডিং এজেন্ট	১,৮০০/-	১,৭০০/-
(৩)	ট্রাভেলিং এজেন্ট	১,৮০০/-	১,৭০০/-
(৪)	হজ্জ এজেন্সি	১,৩৫০/-	১,২৮০/-
(৫)	রিফ্রুটিং এজেন্ট	২,৫০০/-	২,২৫০/-
(৬)	আমদানি এবং রপ্তানি এজেন্ট	১,৫০০/-	১,৩৫০/-
(৭)	আমদানীকারক	১,২৫০/-	১,০০০/-
(৮)	রপ্তানীকারক	৯০০/-	৮৫০/-
(৯)	ভিসা এজেন্ট	১,৫০০/-	১,৩৫০/-
(১০)	শেয়ার/মানি ব্রোকার	২,০০০/-	১,৮০০/-
(১১)	স্ট্যাম্প ভেডার	৫০০/-	৪৫০/-
(৮)	আবাসিক হোটেল, মোটেল, রেস্ট বা পেস্ট হাউজ ও ব্যান্ডুয়েট হল (লিমিটেড কোম্পানি ব্যতিত) :		
(১)	শীতাতপ নিয়ন্ত্রিত আবাসিক হোটেল :		
(ক)	১০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকা ব্যতীত)	৫,০০০/-	৪,৫০০/-
(খ)	১০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকার জন্য)	৮,০০০/-	৭,৫০০/-
(গ)	২০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকা ব্যতীত)	৭,৫০০/-	৬,৫০০/-
(ঘ)	২০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকার জন্য)	১০,০০০/-	৯,০০০/-
(ঙ)	২০ কক্ষের উপরে (পর্যটন এলাকা ব্যতীত)	১০,০০০/-	৮,৫০০/-
(চ)	২০ কক্ষের উপরে (পর্যটন এলাকার জন্য)	১৫,০০০/-	১২,৫০০/-
(২)	শীতাতপ নিয়ন্ত্রিত নয় এমন আবাসিক হোটেল :		
(ক)	১০ কক্ষ পর্যন্ত	১,০০০/-	৮৫০/-
(খ)	২০ কক্ষ পর্যন্ত	২,০০০/-	১,৭০০/-
(গ)	৫০ কক্ষ পর্যন্ত	৪,০০০/-	৩,৫০০/-
(ঘ)	৫০ কক্ষের উপরে	৪,০৫০/-	৩,৮৪০/-
(৩)	(ক) কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত আবাসিক হোটেল (পর্যটন এলাকা ব্যতীত) :	৭,৬৫০/-	৭,২৬০/-

ক্রম নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)
	(৫) শেয়ার ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান	১,৫০০/-	১,২০০/-
	(৬) এটিএম বুথ	১,৫০০/-	১,২০০/-
	(৭) মোবাইল ব্যাংকিং	১,৫০০/-	১,২০০/-
	(৮) এনজিও প্রতিষ্ঠান :		
	(ক) মাইক্রোক্রেডিট পরিচালনাকারী	৫,০০০/-	৩,৫০০/-
	(খ) বৈদেশিক সাহায্যপুষ্টি	২,০০০/-	১,৫০০/-
	(গ) স্থানীয় অর্থে পরিচালিত	৭৫০/-	৬০০/-
	(ঘ) মাইক্রোক্রেডিট পরিচালনাকারী নয়	১,৫০০/-	১,২০০/-
	(৯) অর্থলগ্নীকারী ব্যক্তি/প্রতিষ্ঠান	২,০০০/-	১,৫০০/-
(৪)	ঠিকাদারী, সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা তাহাদের এজেন্ট :		
	(১) ঠিকাদারী/কনস্ট্রাকশন প্রতিষ্ঠান		
	(ক) বিশেষ শ্রেণি	৪,০০০/-	৩,৫০০/-
	(খ) প্রথম শ্রেণি	২,০০০/-	২,০০০/-
	(গ) দ্বিতীয় শ্রেণি	১,৫০০/-	১,৫০০/-
	(ঘ) তৃতীয় শ্রেণি	১,০০০/-	১,০০০/-
	(২) সরবরাহকারী প্রতিষ্ঠান	৭৫০/-	৭৫০/-
	(৩) ইজারাদার	৭৫০/-	৭৫০/-
(৫)	শিক্ষা প্রতিষ্ঠান, ট্রেনিং সেন্টার এবং কোচিং সেন্টার ইত্যাদি :		
	(১) বেসরকারি বিশ্ববিদ্যালয়	৭,৫০০/-	৫,০০০/-
	(২) বেসরকারি প্রকৌশল ও কারিগরি মহাবিদ্যালয়	৬,০০০/-	৪,০০০/-
	(৩) বেসরকারি মেডিকেল কলেজ	৬,০০০/-	৪,০০০/-
	(৪) বেসরকারি মহাবিদ্যালয়	২,০০০/-	১,৫০০/-
	(৫) বেসরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	১,২০০/-	১,২০০/-
	(৬) বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়	৭০০/-	৭০০/-
	(৭) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়	৫০০/-	৫০০/-
	(৮) কিভারগার্টেন স্কুল (বাংলা/ইংরেজি মাধ্যম)	১,০০০/-	১,০০০/-
	(৯) ট্রেনিং সেন্টার (সাধারণ/কম্পিউটার)	৪৫০/-	৪০০/-
	(১০) ট্রেনিং সেন্টার (ভোকেশনাল)	৫০০/-	৫০০/-
	(১১) কোচিং সেন্টার/টিউটোরিয়াল	৯০০/-	৮৫০/-
(৬)	বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, নার্সিং হোম এবং ডায়াগনস্টিক সেন্টার ইত্যাদি (লিমিটেড কোম্পানি/ দাতব্য প্রতিষ্ঠান ব্যতীত) :		
	(১) ১ শয্যা হইতে ২০ শয্যা পর্যন্ত ক্লিনিক বা হাসপাতাল	৭,৫০০/-	৬,৭৫০/-
	(২) ২১ শয্যা হইতে ৩০ শয্যা পর্যন্ত	১০,০০০/-	৯,০০০/-

ক্র. নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)
	(৩) ৩১ শয্যা হইতে ৪০ শয্যা পর্যন্ত	১৫,০০০/-	১৩,৫০০/-
	(৪) ৪০ শয্যার উর্ধ্বে	২৫,০০০/-	২২,৫০০/-
	(৫) প্যাথলজিক্যাল বা ডায়াগনস্টিক সেন্টার (বড়)	১৫,০০০/-	১২,৫০০/-
	(৬) প্যাথলজিক্যাল বা ডায়াগনস্টিক সেন্টার (ছোট)	৫,০০০/-	৩,০০০/-
	(৭) ডেন্টাল ক্লিনিক (বড়)	৩,০০০/-	২,৫০০/-
	(৮) ডেন্টাল ক্লিনিক (ছোট)	১,৫০০/-	
(৭)	স্থানীয় এজেন্ট, ব্রোকার ইত্যাদি :		
	(১) ইন্ডেন্টিং এবং কমিশন এজেন্ট	১,৩৫০/-	১,২৮০/-
	(২) ক্রিয়ারিং এবং ফরওয়ার্ডিং এজেন্ট	১,৮০০/-	১,৭০০/-
	(৩) ট্রাভেলিং এজেন্ট	১,৮০০/-	১,৭০০/-
	(৪) হজ্জ এজেন্সি	১,৩৫০/-	১,২৮০/-
	(৫) রিক্রুটিং এজেন্ট	২,৫০০/-	২,২৫০/-
	(৬) আমদানি এবং রপ্তানি এজেন্ট	১,৫০০/-	১,৩৫০/-
	(৭) আমদানীকারক	১,২৫০/-	১,০০০/-
	(৮) রপ্তানীকারক	৯০০/-	৮৫০/-
	(৯) ভিসা এজেন্ট	১,৫০০/-	১,৩৫০/-
	(১০) শেয়ার/মানি ব্রোকার	২,০০০/-	১,৮০০/-
	(১১) স্ট্যাম্প ভেভার	৫০০/-	৪৫০/-
(৮)	আবাসিক হোটেল, মোটেল, রেস্ট বা গেস্ট হাউজ ও ব্যান্ডুয়েট হল (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
	(১) শীতাতপ নিয়ন্ত্রিত আবাসিক হোটেল :		
	(ক) ১০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকা ব্যতীত)	৫,০০০/-	৪,৫০০/-
	(খ) ১০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকার জন্য)	৮,০০০/-	৭,৫০০/-
	(গ) ২০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকা ব্যতীত)	৭,৫০০/-	৬,৫০০/-
	(ঘ) ২০ কক্ষ পর্যন্ত (পর্যটন এলাকার জন্য)	১০,০০০/-	৯,০০০/-
	(ঙ) ২০ কক্ষের উর্ধ্বে (পর্যটন এলাকা ব্যতীত)	১০,০০০/-	৮,৫০০/-
	(চ) ২০ কক্ষের উর্ধ্বে (পর্যটন এলাকার জন্য)	১৫,০০০/-	১২,৫০০/-
	(২) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এমন আবাসিক হোটেল :		
	(ক) ১০ কক্ষ পর্যন্ত	১,০০০/-	৮৫০/-
	(খ) ২০ কক্ষ পর্যন্ত	২,০০০/-	১,৭০০/-
	(গ) ৫০ কক্ষ পর্যন্ত	৪,০০০/-	৩,৫০০/-
	(ঘ) ৫০ কক্ষের উর্ধ্বে	৪,০৫০/-	৩,৮৪০/-
	(৩) (ক) কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত আবাসিক হোটেল (পর্যটন এলাকা ব্যতীত) :	৭,৬৫০/-	৭,২৬০/-

ক্রম নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বার্ষিক করের হার (টাকা)	'খ ও গ' শ্রেণির পৌরসভার বার্ষিক করের হার (টাকা)
(খ)	কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত আবাসিক হোটেল (পয়টন এলাকার জন্য)-	২৫,০০০/-	২০,০০০/-
(৪)	মোটেল, রেস্ট বা গেস্ট হাউজ, ব্যাঙ্কুয়েট হল :		
	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত	৫,০০০/-	৪,০০০/-
	(খ) শীতাতপ নিয়ন্ত্রিত নয়	২,৫০০/-	২,০০০/-
	বি. দ্র. মদের বারযুক্ত হইলে পৃথক ট্রেড লাইসেন্স প্রযোজ্য হইবে।		
(৫)	বেসরকারি ছাত্রাবাস	১,৫০০/-	১,৫০০/-
	(ক) ১ হইতে ৫০ সিট বিশিষ্ট	২,৫০০/-	২,৫০০/-
	(খ) ৫১ সিটের উর্ধ্বে		
(৯)	সিনেমা হল :		
	(১) সাধারণ	১,০০০/-	৮৫০/-
	(২) শীতাতপ নিয়ন্ত্রিত	২,০০০/-	১,৭৫০/-
(১০)	আড়তদারী ব্যবসা :		
	(১) ধান/চাউল/আটা/ময়দা/গুড়/তেল ইত্যাদি	৭৬৫/-	৭২৬/-
	(২) পেঁয়াজ/রসুন/মসলা/ডিম/দুধ ইত্যাদি	১,০০০/-	৮০০/-
	(৩) পাট/তুলা/রেশম/ঝুট ইত্যাদি	১,৫০০/-	১,২০০/-
	(৪) ইট/বালু/সিমেন্ট/রড ইত্যাদি	১,৩৫০/-	১,২৮০/-
	(৫) ফল/শাক সবজি	৫০০/-	৪৫০/-
	(৬) চিংড়ি মাছ	২,৫০০/-	২,০০০/-
	(৭) অন্যান্য মাছ	২,০০০/-	১,৫০০/-
	(৮) অন্যান্য মালামালের আড়ৎ	৬৭৫/-	৬৪০/-
(১১)	প্রস্তুতকৃত খাদ্য ও পানীয় বিক্রয় বা পরিবেশনকারী :		
	(১) চাইনিজ রেস্তোরা	৬,০০০/-	৫,০০০.০০
	(২) রেস্তোরা (শীতাতপ নিয়ন্ত্রিত)	২,০০০/-	১৫০০.০০
	(৩) সাধারণ রেস্তোরা		
	(ক) বড়	১,০০০/-	৮৫০/-
	(খ) মাঝারী	৭৫০/-	৭০০/-
	(গ) ছোট	৫০০/-	৪৫০/-
	(৪) ভ্রাম্যমাণ রেস্তোরা	৩০০/-	২৫০/-
	(৫) কফি হাউস/স্ন্যাকস্ বার/ফাস্ট ফুড/জুসবার		
	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত	২,০০০/-	১,৭০০/-
	(খ) সাধারণ	৫০০/-	৪০০/-
	(৬) মদের বার বা পরিবেশক (দেশী)	১৮,০০০/-	১৭,০০০/-

ক্রম নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)
	(৭) মদের বার বা পরিবেশক (বিদেশী)	২৫,০০০/-	২৩,০০০/-
	(৮) চা/আইসক্রিম/পান/সিগারেটের দোকান	৩০০/-	২০০/-
	(৯) মিষ্টির দোকান		
	(ক) বড়	১,০০০/-	৮০০/-
	(খ) ছোট	৫০০/-	৪০০/-
	(১০) কনফেকশনারি		
	(ক) বড়	১,০০০/-	৮০০/-
	(খ) ছোট	৫০০/-	৪০০/-
(১২)	বিউটি পার্লার, হেয়ার ড্রেসিং, সেলুন ইত্যাদি :		
	(১) বিউটি পার্লার		
	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত	২,০০০/-	১,৮০০/-
	(খ) সাধারণ	১,০০০/-	৮০০/-
	(২) হেয়ার ড্রেসিং সেলুন		
	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত	৭৫০/-	৭০০/-
	(খ) সাধারণ (বড়)	৫০০/-	৪৫০/-
	(গ) সাধারণ (ছোট)	৩০০/-	২৫০/-
(১৩)	লব্ধি :		
	(১) অটোমেটিক মেশিনযুক্ত লব্ধি	১,৩৫০/-	১,২৮০/-
	(২) সাধারণ লব্ধি		
	(ক) বড়	৪৫০/-	৪০০/-
	(খ) ছোট	৩০০/-	২৫০/-
	(৩) লব্ধি শোরুম	৫০০/-	৪০০/-
(১৪)	পেশাদারী প্রতিষ্ঠান (লিমিটেড কোম্পানি ব্যতীত) :		
	(১) স্থাপত্য এবং প্রকৌশল ফার্ম	৩,৫০০/-	৩,০০০/-
	(২) কনসালটেন্সি ফার্ম	২,৫০০/-	২,২৫০/-
	(৩) সলিসিটর ফার্ম	১,৫০০/-	১,৩৫০/-
	(৪) ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম	২,৫০০/-	২,২৫০/-
	(৫) আউট সোর্সিং ফার্ম	২,৫০০/-	২,২৫০/-
	(৬) সিকিউরিটি সার্ভিসেস ফার্ম	২,৫০০/-	২,২৫০/-
	(৭) অ্যাডভার্টাইজিং ফার্ম	২,৫০০/-	২,২৫০/-

ক্রম নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)	'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)
(১৫)	আত্মকর্মে নিয়োজিত পেশাজীবী (প্রকৌশলী, চিকিৎসক, ডেন্টিস্ট, আইনজীবী, অভিনেতা, গায়ক, বাবুর্চি, স্থপতি, জ্যোতিষী ইত্যাদি) :		
(১)	যাহার আয় আয়করযোগ্য	১,০০০/-	৭৫০/-
(২)	যাহার আয় আয়করযোগ্য নয়	৬০০/-	৫০০/-
(১৬)	ভাড়ায় চালিত নয় এইরূপ মালিকানাধীন যানবাহন :		
(১)	ভ্যান রিকশার মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	১০০/-	১০০/-
(২)	তিন বা দুই চক্ক বিশিষ্ট যান্ত্রিক যানবাহনের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	৩০০/-	৩০০/-
(৩)	টেম্পো, হলার ইত্যাদি মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	৪০০/-	৪০০/-
(৪)	সিএনজি চালিত অটো রিকশা (প্রতিটির জন্য)	৫০০/-	৫০০/-
(৫)	বাস, মিনিবাসের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	১,২০০/-	১,২০০/-
(৬)	ট্রাক, কভার্ডভ্যান, কার্গোভানের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	১,২০০/-	১,২০০/-
(৭)	কার, মাইক্রোবাসের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	৬০০/-	৬০০/-
(৮)	লক্ষ, স্টিমার কার্গো মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	২,৫০০/-	২,৫০০/-
(১৭)	ভাড়ায় বা বাণিজ্যিক কাজে চালিত যানবাহন :		
(১)	ভ্যান, রিকশার মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	১০০/-	১০০/-
(২)	রিকশা ও ভ্যান এর ড্রাইভিং লাইসেন্স	৫০/-	৫০/-
(৩)	তিন বা দুই চক্ক বিশিষ্ট যান্ত্রিক যানবাহনের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	৫০০/-	৫০০/-
(৪)	টেম্পো, হলার মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	২,০০০.০০	২,০০০/-
(৫)	সিএনজি চালিত অটোরিকশা (প্রতিটির জন্য)	১,৫০০.০০	১,৫০০/-
(৬)	বাস, মিনিবাসের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	২,৫০০.০০	২,৫০০/-
(৭)	ট্রাক, কভার্ডভ্যান, কার্গোভানের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	৩,০০০.০০	৩,০০০/-
(৮)	কার, মাইক্রোবাসের মালিক বা প্রতিষ্ঠান (প্রতিটির জন্য)	২৭০.০০	২৫৬/-
(১৮)	নৌযান :		
(১)	যান্ত্রিক নৌকা/ট্রলার (প্রতিটি)	৪০০.০০	৩৫০/-
(২)	লক্ষ (বড়)	২,৭০০/-	২,৫৫০/-
(৩)	লক্ষ (মাঝারি)	১,৮০০/-	১,৭০০/-
(৪)	লক্ষ (ছোট)	৯০০/-	৮৫০/-
(৫)	যান্ত্রিক কার্গো বোট (১০ অশ্বক্ষমতা সম্পন্ন)	৯০০/-	৮৫০/-
(৬)	যান্ত্রিক কার্গো বোট (৩০ অশ্বক্ষমতা সম্পন্ন)	১,৮০০/-	১,৭০০/-
(৭)	যান্ত্রিক কার্গো বোট (৩০ অশ্ব ক্ষমতার উর্ধ্বে ধারণ ক্ষমতা সম্পন্ন)	২,৭০০/-	২,৫৫০/-
(৮)	কার্গো (৫০০ কেজি হইতে ১০০০ কেজি পর্যন্ত ধারণ ক্ষমতা সম্পন্ন)	৪৫০/-	৪০০/-
(৯)	কার্গো (১০০০ কেজি হইতে ৫০০০ কেজির নিম্ন পর্যন্ত ধারণ ক্ষমতা সম্পন্ন)	৬৫০/-	৬০০/-
(১০)	কার্গো (৫০০০ কেজি হইতে তদূর্ধ্ব ক্ষমতা সম্পন্ন)	৯০০/-	৮৫০/-

ক্রম নং	ব্যবসা, বৃত্তি, পেশা এবং ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণি	'ক'-শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)	'খ' ও 'প' শ্রেণির পৌরসভার বাৎসরিক করের হার (টাকা)
(১৯)	ব্র্যান্ডেড সামগ্রীর পাইকার, পরিবেশক, এজেন্সি, শো'রুম, ডিপো ইত্যাদি :		
	(১) বিভিন্ন ব্র্যান্ডের সিগারেট/বিড়ি	২,০০০/-	১,৮০০/-
	(২) বিভিন্ন ব্র্যান্ডের আসবাবপত্র	২,০০০/-	১,৮০০/-
- (ক) ৮৫% (শতকরা পঁচাত্তর ভাগ) দোকান সাধারণ প্রার্থীগণের মধ্যে বরাদ্দ করিতে হইবে; এবং
- (খ) ১৫% (শতকরা পনের ভাগ) দোকান চেয়ারম্যান কর্তৃক বরাদ্দের জন্য সংরক্ষিত থাকিবে, যাহা জাতীয় পর্যায়ে অবদান রেখেছেন এইরূপ ব্যক্তিকে বা তাহার স্বামীকে বা স্ত্রীকে অথবা উক্ত ব্যক্তি বা তাহার স্বামী বা স্ত্রী বা সন্তান-সন্ততিদের ব্যয়ভার বহন করেন এইরূপ ব্যক্তিকে বরাদ্দ প্রদান করা যাইবে।

ব্যাখ্যা : দফা (খ)-এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় পর্যায়ে অবদান বলিতে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ ছাড়াও শিল্প, সাহিত্য, সংগীত, সমাজ সেবা, শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানকে বুঝাইবে।

- (২) অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রতিটি পাবলিক মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ব্যক্তি অগ্রাধিকার পাইবেন।

ব্যাখ্যা : এই অনুচ্ছেদে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বলিতে পৌরসভা কর্তৃক কোনো স্থানে পাবলিক মার্কেট নির্মাণের পূর্বে উক্ত স্থানে বিদ্যমান দোকানের বৈধ মালিককে বুঝাইবে।

- (৩) কোনো পৌরসভার কোনো ব্যক্তিকে বা তাহার পরিবারের কোনো সদস্যকে একাধিক দোকান বরাদ্দ দেওয়া যাইবে না।

৫। দোকান বরাদ্দ প্রদানের পদ্ধতি

- (১) নির্মিত বা নির্মাণাধীন বা নির্মিতব্য সকল দোকান বরাদ্দের ক্ষেত্রে এই উপ-আইনে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।
- (২) উপ-আইন ৪-এর অনুচ্ছেদ (১)-এর দফা (ক)-তে উল্লিখিত দোকানসমূহ বরাদ্দের উদ্দেশ্যে বরাদ্দ কমিটি বরাদ্দ প্রদানযোগ্য দোকানের সংখ্যা, পরিমাণ, সালামির টাকা, মাসিক ভাড়ার পরিমাণ এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি উল্লেখ করিয়া একটি বিজ্ঞপ্তি পৌরসভার নোটিশ বোর্ডে এবং ঢাকা হইতে বাংলা ভাষায় প্রকাশিত বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক এবং আঞ্চলিক একটি (যদি থাকে) পত্রিকায় প্রকাশ করিয়া জনসাধারণের নিকট হইতে দরখাস্ত আহ্বান করিবে এবং বরাদ্দ কমিটি এইরূপ দরখাস্ত সাদা কাগজে বা তৎকর্তৃক নির্ধারিত ফরমে আহ্বান করিতে পারিবে এবং সময় সময় উক্তরূপ ফরমের মূল্য ধার্য করিতে পারিবে।

- (৩) অনুচ্ছেদ (৯২)-তে উল্লিখিত নির্মিত দোকান বরাদ্দের ক্ষেত্রে আবেদনকারী উক্ত দোকানের জন্য ধার্যকৃত সালামির টাকার ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থ চেয়ারম্যানের অনুকূলে কোনো তফসিলী ব্যাংক হইতে পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দরখাস্তেরসহিত দাখিল করিবেন এবং অবশিষ্ট টাকা সাময়িক বরাদ্দপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এককালীন পরিশোধ করিবেন, অন্যথায় বরাদ্দ বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং জমাকৃত সালামির ১০% ভাগ পৌরসভা বরাবরে বাজেয়াপ্ত হইবে।
- (৪) নির্মাণাধীন বা নির্মিতব্য দোকান বরাদ্দের জন্য আবেদনকারীকে দরখাস্তের সহিত দোকানের জন্য ধার্যকৃত সালামির টাকার ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ চেয়ারম্যানের অনুকূলে কোনো তফসিলী ব্যাংক হইতে পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দাখিল করিতে হইবে এবং অবশিষ্ট সালামি প্রাপককে বরাদ্দ কমিটির সিদ্ধান্তমতে সমান ৩ (তিন) কিস্তিতে পরিশোধ করিতে হইবে এবং উক্তরূপ কোনো কিস্তির খেলাপ হইলে বরাদ্দ বাতিল হয়েছে বলিয়া গণ্য হইবে এবং জমাকৃত সালামির ১০% ভাগ পৌরসভা বরাবরে বাজেয়াপ্ত হইবে।
- (৫) দরখাস্ত গ্রহণের শেষ তারিখের পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে বরাদ্দ কমিটি দরখাস্তসমূহ পরীক্ষা-নিরীক্ষা করিয়া দোকান বরাদ্দ পাইবার অধিকারী দরখাস্তকারীগণের একটি তালিকা প্রণয়ন করিবে, এইরূপ তালিকাভুক্ত দরখাস্তকারীর সংখ্যা বরাদ্দযোগ্য দোকান অপেক্ষা বেশি হইলে বরাদ্দ কমিটি উনুক্ত লটারির মাধ্যমে দোকান বন্টন করিবে, এইরূপ লটারি কোন পদ্ধতিতে হইবে তা বরাদ্দ কমিটি নির্ধারণ করিবে এবং লটারি অনুষ্ঠানের স্থানে আবেদনকারী বা তাহার প্রতিনিধির প্রবেশাধিকার থাকিবে।
- (৬) অনুচ্ছেদ (৫)-এর অধীন লটারি অনুষ্ঠানের উদ্দেশ্যে বরাদ্দ কমিটি লটারির স্থান, তারিখ ও সময় উল্লেখ করিয়া লটারি অনুষ্ঠানের অন্তত ৩ (তিন) দিন পূর্বে পৌরসভার নোটিশ বোর্ডে একটি বিজ্ঞপ্তি লটকিয়ে বা সাঁটিয়ে দিতে হইবে।
- (৭) লটারির মাধ্যমে যারা দোকান পাইবে তাহাদের তালিকা ও দোকান নম্বর লটারি অনুষ্ঠানের ৩ (তিন) দিনের মধ্যে পৌরসভার নোটিশ বোর্ডে লটকাইয়া দিতে হইবে এবং পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে বরাদ্দ কমিটির চেয়ারম্যানের দস্তখতে তালিকায় অন্তর্ভুক্ত ব্যক্তিগণের নিকট সাময়িক বরাদ্দপত্র প্রেরণ করিতে হইবে।
- (৮) সাময়িক বরাদ্দপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যদি কোনো বরাদ্দ প্রাপক দোকানের বরাদ্দ গ্রহণে অস্বীকৃতি জানান তবে উক্ত দোকান তালিকাভুক্ত অবশিষ্ট আবেদনকারীগণের মধ্যে লটারির মাধ্যমে বরাদ্দ করা হইবে।
- (৯) সাময়িক বরাদ্দপত্রে বরাদ্দ সংক্রান্ত তথ্যাদি এবং সালামির বাকি টাকা পরিশোধের সময়সীমা বা কিস্তির পরিমাণ ও সংশ্লিষ্ট নির্দেশাবলি উল্লেখ করিতে হইবে।
- (১০) কোনো দরখাস্তকারী ব্যক্তি বরাদ্দপত্র প্রদানের পূর্বে বরাদ্দ গ্রহণে অসম্মতি প্রকাশ করিয়া জমাকৃত টাকা ফেরত লইবার আবেদন করিলে, উক্ত আবেদন পাইবার ১৫ (পনের) দিনের মধ্যে পৌরসভা তাহার জমাকৃত পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফট আবেদনকারী বা তাহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে ফেরত প্রদান করিবে।
- (১১) কোনো ব্যক্তিকে দোকানের বরাদ্দ না দেওয়া হইলে, তৎসম্পর্কে সিদ্ধান্তগ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বরাদ্দ কমিটি উক্ত পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফট দরখাস্তকারী বা এতদোদ্দেশ্যে তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে ফেরত প্রদান করিবে।

৬। সালামি, চুক্তি এবং দখল প্রদান

বরাদ্দপত্রের শর্ত মোতাবেক সালামির সম্পূর্ণ টাকা পরিশোধের ১৫ (পনের) দিনের মধ্যে পৌরসভা বরাদ্দ প্রাপককে চূড়ান্ত বরাদ্দ প্রদান করিবে; এবং পৌরসভার ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা এই উপ-আইনমালার সহিত সংযোজিত ফরমে একটি ইজারা চুক্তিপত্র সম্পাদন করিবে; চুক্তিপত্র সম্পাদিত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে পৌরসভা দোকানের দখল ইজারা গ্রহীতাকে বুঝাইয়া দিবে; দখল বুঝাইয়া দেওয়ার তারিখ হইতে ধার্যকৃত হারে ভাড়া আদায়যোগ্য হইবে।

৭। দোকান ব্যবসা আরম্ভ।

উক্ত আইন ৬-এর অধীনে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা দোকানের দখল বুঝিয়া লইবার ১৮০ (একশত আশি) দিনের মধ্যে অবশ্যই ব্যবসা শুরু করিবেন, অন্যথায় দোকানটির বরাদ্দ উক্ত সময়সীমার অতিবাহিত হইবার সঙ্গে সঙ্গে বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং জমাকৃত সালামির টাকার ৫০% (পঞ্চাশ ভাগ) পৌরসভার অনুকূলে বাজেয়াপ্ত হইবে এবং অবশিষ্ট ৫০% হইতে অন্যান্য পাওনা কর্তন করিয়া, যদি থাকে, পৌরসভা বাকি টাকা ত্রিশদিনের মধ্যে বরাদ্দ প্রাপককে ফেরত প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, পৌরসভা বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতার আবেদনক্রমে সংশ্লিষ্ট পরিস্থিতি বিবেচনা করিয়া উক্তরূপ ব্যবসা শুরু করিবার সময়সীমা অনধিক ৬০ (ষাট) দিন পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।

৮। মাসিক ভাড়া

- (১) পৌরসভা দোকানের অবস্থান, নির্মাণ খরচ, আয়তন ও আনুষঙ্গিক বিষয়াদি বিবেচনা করিয়া সালামি ও মাসিক ভাড়া নির্ধারণ করিবে, এই সালামি ও ভাড়া কোনো অবস্থাতেই সংশ্লিষ্ট এলাকায় প্রচলিত সালামি বা ভাড়া অপেক্ষা কম হইবে না।
- (২) বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা প্রতিমাসের ভাড়া উক্ত মাসের প্রথম সপ্তাহের মধ্যে পরিশোধ করিবেন।

৯। দোকানের দখল সমর্পণ

- (১) দোকানের সাময়িক বরাদ্দ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা যদি স্বেচ্ছায় দোকান পৌরসভার নিকট সমর্পণ (সারেভার) করেন তবে জমাকৃত সালামির টাকার ২৫% কর্তন পূর্বক বরাদ্দ বাতিল করিয়া ত্রিশ দিনের মধ্যে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতাকে অবশিষ্ট টাকা ফেরত প্রদান করিবে।
- (২) দোকানের দখল বুঝিয়া পাইবার পূর্বে ইজারা গ্রহীতা উক্ত দোকান বরাদ্দ স্বেচ্ছায় পৌরসভার নিকট সমর্পণ (সারেভার) করিলে সালামির টাকার ১০% এবং পৌরসভার অন্যান্য পাওনা, যদি থাকে, কর্তন করিয়া দখল সমর্পণের ত্রিশ দিনের মধ্যে তাহাকে সালামির অবশিষ্ট টাকা ফেরত প্রদান করিবে।

১০। দোকানের দখল হস্তান্তর, ইত্যাদিতে বাধা নিষেধ

বরাদ্দ প্রাপক বা ইজারাপ্রাপ্ত দোকান পৌরসভার অনুমতি ব্যতিরেকে অন্য কাহারো নিকট হস্তান্তর করা যাইবে না বা ভাড়া দেওয়া যাইবে না, তবে পৌরসভার পূর্বানুমোদন সাপেক্ষে ১২ (বার) মাসের ভাড়া সমপরিমাণ টাকা হস্তান্তর ফি এবং ২ (দুই) মাসের ভাড়ার সমপরিমাণ অনুমতি ফি হিসাবে জমা প্রদান করিয়া অন্যত্র হস্তান্তর করা যাইবে।

১১। দোকানের রক্ষণাবেক্ষণ, মেরামত ইত্যাদি

বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা নিজ ব্যয়ে দোকানের দরজা জানালার মেরামতসহ সকল রক্ষণাবেক্ষণ করিবেন এবং বৈদ্যুতিক লাইন সংযোজন ও অন্যান্য প্রয়োজনীয় ফিটিংস লাগাইবেন।

১২। কাঠামোগত মৌলিক পরিবর্তন নিষিদ্ধ

পৌরসভার লিখিত পূর্বানুমতি ব্যতিরেকে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা দোকানের কাঠামোগত কোনো মৌলিক পরিবর্তন বা পরিবর্ধন করিতে পারিবেন না।

১৩। দোকানের ব্যবহার

যে ব্যবসার জন্য দোকান বরাদ্দ দেওয়া হইয়াছে, সেই ব্যবসা ব্যতীত অন্য কোনো ব্যবসার জন্য বা আবাসিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ব্যবসার ধরন পরিবর্তনের জন্য পৌরসভার পূর্বানুমোদন লইয়া, বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা সংশ্লিষ্ট দোকানের ছয় মাসের ভাড়ার সমপরিমাণ টাকা পৌরসভায় জমা দিয়া ব্যবসার ধরন পরিবর্তন করিতে পারিবেন।

১৪। সার্ভিস চার্জ, ইত্যাদি পরিশোধ

দোকানের ব্যাপারে পৌরসভা কর্তৃক প্রদত্ত সার্ভিস বাবদ পৌরসভা যে চার্জ বা ফিস নির্ধারণ করিবে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা তাহা পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন এবং দোকানে ব্যবহৃত বিদ্যুৎ, পানি, গ্যাস, টেলিফোন বা অনুরূপ কোনো সার্ভিস ব্যবহৃত হইলে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা উহার জন্য প্রয়োজনীয় চার্জ, ফিস, বা বিল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাসময়ে পরিশোধ করিবে।

১৫। দোকান পরিদর্শন

- (১) পৌরসভা কর্তৃক ক্ষমতা প্রদত্ত যেকোনো ব্যক্তি, যেকোনো যুক্তিসংগত সময়, দোকান পরিদর্শন করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা বা তার প্রতিনিধি অনুরূপ পরিদর্শনের জন্য সকল প্রকার যুক্তিসংগত সুযোগ দিবেন।
- (২) অনুচ্ছেদ (১)-এর অধীন পরিদর্শনের মাধ্যমে যদি দেখা যায় যে, কোনো দোকান স্বাস্থ্যকর অবস্থায় রয়েছে তা হইলে পৌরসভা নোটিশের মাধ্যমে তা স্বাস্থ্যসম্মত করিয়া দিবে এবং উক্ত সময়সীমার মধ্যে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা যদি দোকানটিকে স্বাস্থ্যসম্মত অবস্থায় না আনেন, তাহা হইলে পৌরসভা নিজ খরচে দোকানটি স্বাস্থ্যকর এবং উহাতে প্রয়োজনীয় সংস্কার করিতে পারিবে এবং এই বাবদ যে খরচ ইজারা গ্রহীতার নিকট হইতে অনুচ্ছেদ ১৮ অনুসারে পাবলিক ডিমান্ড হিসাবে আদায় করা হইবে।

১৬। ভাড়া বৃদ্ধি বা পুনঃনির্ধারণ

এই উপ-আইনমালার অধীন বরাদ্দকৃত দোকানের ভাড়া পৌরসভা প্রতি ৩ (তিন) বৎসর পরপর বৃদ্ধি বা পুনঃনির্ধারণ করিতে পারিবে, তবে এইরূপ ভাড়া বৃদ্ধি বা পুনঃনির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকায় অনুরূপ দোকানের প্রচলিত ভাড়ার পরিমাণ বিবেচনা করিতে হইবে।

১৭। বিশেষ অবস্থায়, সালামি ফেরত প্রদান

পৌরসভা, তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণে দখল বরাদ্দ প্রাপককে বুঝাইয়া দিতে ব্যর্থ হইলে বা দখল বুঝাইয়া দেওয়ার পর, জনস্বার্থে উহার দখল ফেরত লইবার প্রয়োজন হইলে উক্ত দোকান বাবদ গৃহীত সালামীর টাকা, পৌরসভার পাওনা কর্তন সাপেক্ষে, তাহাকে ফেরত প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, পরবর্তী সময় যদি উক্ত দোকান পুনঃবরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়, তাহা হইলে দোকানটি বরাদ্দের ক্ষেত্রে, পূর্ববর্তী বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা, পুনঃনির্ধারিত সালামি ও ভাড়া প্রদানের শর্তে বরাদ্দ পাইবার ক্ষেত্রে অগ্রাধিকার পাইবেন।

১৮। ভাড়া ইত্যাদি পাবলিক ডিমান্ড হিসাবে আদায়

বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতার নিকট হইতে যাবতীয় বকেয়া ভাড়া বা অন্যান্য পাওনা অধ্যাদেশের ধারা ৫৯ (২) অনুযায়ী পাবলিক ডিমান্ড হিসাবে আদায় করা যাইবে।

১৯। বরাদ্দ বা ইজারা বাতিল

- (১) কোনো বরাদ্দ প্রাপক বরাদ্দপত্রের কোনো শর্ত ইহাতে উল্লিখিত সময়ের মধ্যে এবং পদ্ধতিতে পূরণ করিতে না পারিলে উক্ত সময় অতিরিক্ত হইবার সঙ্গে সঙ্গেই বরাদ্দপত্র আপনা আপনি বাতিল হয়ে যাইবে এবং এই ব্যাপারে কোনো আনুষ্ঠানিক আদেশের প্রয়োজন হইবে না।
- (২) ইজারা গ্রহীতা চুক্তিপত্রের শর্ত ভঙ্গ করিলে বাতিলকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট দোকানের ইজারা বাতিল করিতে পারিবে।
- (৩) অনুচ্ছেদ (২)-এর অধীন কোনো ইজারা বাতিল করিতে হইলে বাতিলকারী কর্তৃপক্ষ প্রস্তাবিত বাতিলের কারণ সম্বলিত একটি নোটিশ ইজারা গ্রহীতার নিকট প্রেরণ করিবে এবং প্রস্তাবিত বাতিল সম্পর্কে তাহার বক্তব্য নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে লিখিতভাবে উপস্থাপনের নির্দেশ দিবে।

- (৪) অনুচ্ছেদ (৩)-এ উল্লিখিত সময়ের মধ্যে ইজারা গ্রহীতা যদি তাহার বক্তব্য বাতিলকারী কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন না করেন বা ইজারা গ্রহীতা বক্তব্য উপস্থাপন করিলে উহা বাতিলকারী কর্তৃপক্ষের নিকট সম্ভাষণজনক বিবেচিত না হয় তা হইলে বাতিলকারী কর্তৃপক্ষ ইজারা বাতিল করিতে পারিবে এবং কোনো ইজারা বাতিল করা হইলে বাতিল আদেশ লিখিতভাবে ইজারা গ্রহীতাকে প্রেরণ করিবে।
- (৫) বরাদ্দ বা ইজারা বাতিলের আদেশ প্রদানের পূর্বে প্রয়োজন মনে করিলে, বরাদ্দ কমিটি বা ক্ষেত্রমতো চেয়ারম্যান বরাদ্দকৃত বা ইজারাকৃত দোকানটি সম্পর্কে প্রয়োজনীয় অনুসন্ধান করিতে পারিবে।
- (৬) বরাদ্দ বা ইজারা বাতিল আদেশ প্রদানের পর বরাদ্দ কমিটি অবিলম্বে সংশ্লিষ্ট দোকানের দখল গ্রহণ করিবে।

২০। বাতিলকৃত বরাদ্দ বা ইজারা পুনর্বহাল

উপ-আইন ১৯-এর অধীনে কোনো বরাদ্দ বা ইজারা বাতিল হইলে এবং বাতিলকারী কর্তৃপক্ষ যথাযথ মনে করিলে উক্ত বাতিলের ৩০ দিনের মধ্যে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা কর্তৃক জরিমানা হিসাবে দোকানের ১২ মাসের ভাড়ার সমপরিমাণ টাকা প্রদান সাপেক্ষে, বাতিলকৃত বরাদ্দ বা ইজারা পুনর্বহাল করিতে পারিবে এবং এইরূপ ক্ষেত্রে নতুন বরাদ্দপত্র প্রদান বা চুক্তিপত্র স্বাক্ষরের প্রয়োজন হইবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট পরিস্থিতি বিবেচনাক্রমে বাতিলকারী কর্তৃপক্ষ উক্ত জরিমানা আংশিক বা সম্পূর্ণভাবে মওকুফ করিতে পারিবে এবং উক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে যথাযথ শর্ত আরোপ করিতে পারিবে।

২১। পুনর্বিবেচনা

- (১) এই উপ-আইনমালার অধীন প্রদত্ত কোনো আদেশ দ্বারা কোনো ব্যক্তি সংস্কৃত হইলে তিনি আদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত আদেশ পুনর্বিবেচনার জন্য নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।
- (২) এইরূপ আবেদন লিখিতভাবে প্রয়োজনীয় কাগজপত্রসহ দাখিল করিতে হইবে এবং নির্ধারিত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পক্ষগণকে শুনানীর সুযোগ দিয়া আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিবেন, আবেদনপত্র নিষ্পত্তির ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষ এই উপ-আইনমালা সহিত রাখিয়া যে কোনো আদেশ দিতে পারিবে।

২২। সকল ইজারা চেয়ারম্যান কর্তৃক অনুমোদন

এই উপ-আইনমালার অধীন বরাদ্দ কমিটি কর্তৃক প্রদত্ত সকল ইজারা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

২৩। বিদ্যমান দোকানের ক্ষেত্রে এই উপ-আইনমালা প্রয়োগ

এই উপ-আইনমালা জারি হইবার পূর্বে পৌরসভা কর্তৃক যে সকল পাবলিক মার্কেটের দোকান বরাদ্দ প্রদান করা হইয়াছে, সেই সকল মার্কেটের ক্ষেত্রে সংশ্লিষ্ট চুক্তির শর্তাবলি সাপেক্ষে, এই উপ-আইনমালার বিধানাবলি প্রযোজ্য হইবে:

তবে, শর্ত থাকে যে, যদি কোনো পাবলিক মার্কেট BOT (Built Operate and Transfer) পদ্ধতিতে নির্মাণ করা হয়, তাহা হইলে উক্ত মার্কেটের দোকান বরাদ্দের ক্ষেত্রে এই উপ-আইনমালার বিধানাবলি প্রযোজ্য হইবে না।

সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয়বন্টন সম্পর্কিত নীতিমালা

সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা এবং উহা হইতে প্রাপ্ত আয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের মধ্যে বন্টন সম্পর্কিত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত ০৭ ফেব্রুয়ারি ২০০৮ তারিখের প্রজ্ঞাই-২/হ-৫/২০০৮/১১৬/১(৫৫০০) নং স্মারকের নীতিমালা এবং এতদসংক্রান্ত অন্যান্য সকল আদেশ বাতিলক্রমে সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয়বন্টন বিষয়ে এই নীতিমালা জারি করিলেন :

১। হাট-বাজারের ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ :

- ১.১ প্রতিটি উপজেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন তাহাদের ভৌগোলিক সীমারেখার মধ্যে অবস্থিত অধিক্ষেত্রের অধীন এবং ব্যবস্থাপনাধীন হাট-বাজারগুলি ইজারা প্রদান করিবে।
- ১.২ যদি কোনো হাট-বাজার একাধিক জেলা সীমানার মধ্যে পড়ে তাহার ইজারা কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার গ্রহণ করিবেন এবং ইজারালব্ধ অর্থনীতিমালা অনুযায়ী হারাহারিভাবে বন্টন করিবেন। ইজারা কার্যক্রম গ্রহণে নিম্নরূপ কমিটি হইবে :

(১)	কমিশনার	-	সভাপতি
(২)	জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
(৩)	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
(৪)	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
(৫)	চেয়ারম্যান, সংশ্লিষ্ট উপজেলা পরিষদ	-	সদস্য
(৬)	উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা	-	সদস্য
(৭)	উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
(৮)	মেয়র, সংশ্লিষ্ট পৌরসভা চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ	-	সদস্য
(৯)	পরিচালক, স্থানীয় সরকার, সংশ্লিষ্ট বিভাগ	-	সদস্য সচিব

- ১.৩ যদি কোনো হাট-বাজার দুই বা ততোধিক উপজেলা ও পৌরসভার সীমানার মধ্যে পড়ে তবে তাহার ইজারা কার্যক্রম সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক গ্রহণ করিবেন এবং ইজারালব্ধ অর্থনীতিমালা অনুযায়ী হারাহারিভাবে বন্টন করিবেন। সেইক্ষেত্রে ইজারা কার্যক্রম গ্রহণে নিম্নরূপ কমিটি হইবে :

(১)	জেলা প্রশাসক	-	সভাপতি
(২)	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
(৩)	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
(৪)	চেয়ারম্যান, সংশ্লিষ্ট উপজেলা পরিষদ	-	সদস্য
(৫)	উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা	-	সদস্য
(৬)	উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
(৭)	মেয়র, সংশ্লিষ্ট পৌরসভা চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ	-	সদস্য
(৮)	উপ-পরিচালক, স্থানীয় সরকার, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য সচিব

২। দরপত্র আহবান ও দাখিল প্রক্রিয়া :

- ২.১ হাট-বাজারের ইজারা বাংলা বৎসরের ভিত্তিতে (বৈশাখ-চৈত্র) ০১ (এক) বৎসরের জন্য প্রদান করিতে হইবে। কোনো বৎসরের যাবতীয় ইজারা কার্যক্রম পূর্ববর্তী বৎসরের ২০ শে চৈত্রের মধ্যে সমাপ্ত/সম্পন্ন করিতে হইবে।
- ২.২ ইজারা বৎসর শুরু হওয়ার পূর্ববর্তী বৎসরের মাঘ মাস হইতে ইজারা প্রদান কার্যক্রম শুরু করিতে হইবে এবং সকল হাট-বাজারের ইজারা সংক্রান্ত কার্যক্রমে একটি পূর্ণাঙ্গ ক্যালেন্ডার প্রস্তুত করত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট অবশ্যই প্রেরণ করিতে হইবে।

- ২.৩ সরকারি মূল্য : ইজারা বিজ্ঞপ্তিতে হাট-বাজারের সরকারি মূল্য উল্লেখ করিতে হইবে। সরকারি মূল্য হইবে বিগত ৩ বৎসরের ইজারা মূল্যের গড় মূল্য। উল্লেখ্য যে, উক্ত ৩ বৎসরের মধ্যে কোনো বৎসর খাস আদায় করা হইলে উক্ত খাস আদায়ের অর্থ ইজারা মূল্য হিসেবে বিবেচিত হইবে। কোনো আইনগত বাধার কারণে কোনো বৎসরের আংশিক সময়ের জন্য টোল/খাস আদায় বন্ধ থাকিলে, উক্ত বৎসরের পূর্ণসময়কালের জন্য মূল্য নির্ধারণপূর্বক সরকারি মূল্য নির্ধারণ করিতে হইবে। তবে কোনো বৎসরের সমস্ত সময়ের জন্য টোল/খাস আদায় বন্ধ থাকিলে পূর্ববর্তী বৎসর বা বৎসরসমূহের ইজারা মূল্য সরকারি মূল্য নির্ধারণে বিবেচনা করা যাইবে। নতুন প্রতিষ্ঠিত বা ইতোপূর্বে ইজারা হয়নি এমন হাট-বাজারের ক্ষেত্রে দরপত্র মূল্যায়ন কমিটি সরকারি মূল্যনির্ধারণ পূর্বক সংশ্লিষ্ট পরিষদের সভায় পর্যালোচনাপূর্বক অনুমোদনের জন্য উপস্থাপন করিবে। প্রাপ্ত সর্বোচ্চ দর অনুসরণপূর্বক পরবর্তী বৎসরসমূহের সরকারি মূল্য নির্ধারিত হইবে।
- ২.৪ হাট-বাজারের প্রাপ্ত ইজারা মূল্য হইতে ইজারাজনিত খরচ (সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল, আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি) নির্বাহ করার জন্য রাজস্ব বাজেটে ব্যবস্থা রাখিতে হইবে (খাস আদায় ব্যতীত)। সিডিউল বিক্রির অর্থ সরকারি খাতে জমা প্রদান করিতে হইবে।
- ২.৫ সিডিউল মূল্য : হাটবাজার ইজারার ক্ষেত্রে সিডিউলের মূল্য নিম্নরূপ হইবে- হাটবাজারের ইজারা মূল্য-
 (অ) ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত হইলে ৫০০ (পাঁচশত) টাকা
 (আ) ১ (এক) লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত হইলে ১,০০০ (এক হাজার) টাকা
 (ই) ২ (দুই) লক্ষ উর্ধ্বে প্রতি লক্ষ বা তার ভগ্নাংশ টাকার জন্য ১,০০০ (এক হাজার) টাকার সহিত অতিরিক্ত ২০০ টাকা করিয়া যোগ করিতে হইবে। [এখানে ইজারা মূল্য বলিতে সরকারি মূল্যকে বুঝাইবে]
- ২.৬ দরপত্র আবেদন সহজলভ্য করিবার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে :
 হাট-বাজার ইজারার দরপত্রে অংশগ্রহণের জন্য দরপত্র দাখিলের পূর্বে নিম্নোক্ত কার্যালয় হইতে আবেদন ফরম ক্রয় করা যাইবে, যথা :
- ২.৬.১ উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন হাট-বাজারের দরপত্রের আবেদন জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারি কমিশনার (ভূমি)-এর কার্যালয়, সোনালী ব্যাংকের উপজেলা সদরের শাখা ও থানা (পুলিশ স্টেশন)।
- ২.৬.২ পৌরসভা ব্যবস্থাপনাধীন হাট-বাজারের ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভা কার্যালয় ছাড়াও উপদফা ২.৬.১-এ বর্ণিত কার্যালয়সমূহ হইতেও হাট-বাজার ইজারা দরপত্রের আবেদন ফরম সংগ্রহ করা যাইবে।
- ২.৬.৩ সিটি কর্পোরেশন ব্যবস্থাপনাধীন হাট-বাজারের দরপত্রের আবেদন সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন অফিস, তার আঞ্চলিক অফিসসমূহ, সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, সংশ্লিষ্ট মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।
- ২.৭ দরপত্র দাখিলের জন্য নির্ধারিত দিনের অন্তত ১৫ দিন পূর্বে উপজেলার হাট-বাজারসমূহের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পৌরসভা অফিস, স্থানীয় স্বাস্থ্যকেন্দ্র, পোস্ট অফিস, কমিউনিটি সেন্টার, সংশ্লিষ্ট হাট-বাজার, পুলিশ স্টেশন, সাব-রেজিস্ট্রার অফিস, ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা ও জেলা সদর দপ্তরে অবস্থিত গুরুত্বপূর্ণ অফিসসমূহে নোটিশ টাঙাইয়া ইজারা বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা করিতে হইবে। পৌরসভা/সিটি কর্পোরেশনের হাট-বাজারের ক্ষেত্রেও অনুরূপ সংশ্লিষ্ট ও গুরুত্বপূর্ণ অফিসসমূহে নোটিশ টাঙাইয়া প্রচারের ব্যবস্থা করিতে হইবে। এটি ছাড়াও হাট-বাজারে মাইক, টোল-সহরতের মাধ্যমে দরপত্র দাখিলের তারিখ এবং সময় ঘোষণার বন্দোবস্ত করিতে হইবে। ইজারা বিজ্ঞপ্তি নিজস্ব ওয়েবসাইটে প্রদান করিতে হইবে। অধিকন্তু, কোনো হাট-বাজারের সরকারি মূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত হইলে স্থানীয় পত্রিকায় (যদি থাকে) এবং ২৫ লক্ষ টাকার অধিক হইলে একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে (বিজ্ঞপ্তি প্রচারের জন্য ধার্যমূল্য হইবে সরকারি মূল্য)। কোনো হাট-বাজারের ইজারা মূল্য ১ (এক) কোটি টাকার বেশি হইলে ইজারা বিজ্ঞপ্তি পিপিআর ২০০৮ অনুযায়ী সিপিটিইউ'র ওয়েবসাইটে প্রদান করিতে হইবে।

২.৮ দরপত্র জমা প্রদান সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করিতে হইবে :

- ২.৮.১ উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাট-বাজারের দরপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), পুলিশ সুপারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দেওয়া যাইবে।
- ২.৮.২ পৌরসভার ক্ষেত্রে পৌরসভা কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয় ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দেওয়া যাইবে।
- ২.৮.৩ সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সিটি কর্পোরেশন অফিস, তার আঞ্চলিক অফিসসমূহ, সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দেওয়া যাইবে।
- ২.৯ সরকারি হাট-বাজার ইজারা প্রদানের জন্য সকল ক্ষেত্রে বন্ধ খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সহিত জমা দিতে হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সহিত সমন্বয় করা হইবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোনো ক্ষতি সাধন করিলে, উক্ত জামানত হইতে তা মিটানো হইবে। বৎসর সমাপ্ত শেষে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হইবে।
- ২.১০ প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করিতে হইবে এবং উক্ত দরের অংশ যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হইতে কম হয় তা হইলে পুনরায় দরপত্র আহ্বান করিতে হইবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হইতে কম হয় তা হইলে তৃতীয় বার দরপত্র আহ্বান করিতে হইবে। তৃতীয় বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হইতে কম হয় তাহা হইলে যথাযথ ইজারা মূল্য না পাওয়ার বিষয়ে বিদ্যমান কারণ সম্বলিত একটি প্রতিবেদন উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন হাট-বাজারের ক্ষেত্রে উপজেলা পরিষদের সাধারণ/বিশেষ সভার এবং 'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার নিয়ন্ত্রণাধীন হাট-বাজারের ক্ষেত্রে উপজেলা পরিষদের সাধারণ/বিশেষ সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবে। সেই সাথে নতুন বৎসর শুরু হইলে খাস আদায়ের পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলা প্রশাসক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উপযুক্ত সিদ্ধান্ত নিয়ে বিষয়টি তাঁর পর্যায়ে নিষ্পত্তি করিবেন। 'ক' শ্রেণির পৌরসভা এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে অনুরূপ বিষয়ে একটি প্রতিবেদন উপযুক্ত প্রস্তাবসহ সিদ্ধান্তের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করিতে হইবে।

৩। দরপত্র মূল্যায়ন ও ইজারা প্রদান :

- ৩.১ উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন হাট-বাজারসমূহের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার জমাকৃত সকল দরপত্র সংগ্রহ করিয়া তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক নিম্নোক্তভাবে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (Technical Evaluation Committee)-তে পেশ করিবেন।

(ক)	উপজেলা নির্বাহী অফিসার	-	আহবায়ক
(খ)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ মনোনীত পরিষদের একজন সদস্য	-	সদস্য
(খ)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ মনোনীত পরিষদের একজন সদস্য	-	সদস্য
(গ)	উপজেলা কৃষি অফিসার	-	সদস্য
(ঘ)	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	-	সদস্য
(ঙ)	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান	-	সদস্য
(চ)	উপজেলা প্রকৌশলী	-	সদস্য- সচিব

দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রসমূহ দাখিলের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বাছাইয়ের পর সুপারিশ/মতামতসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদের অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে অনুমোদন প্রদান করিবেন।

- ৩.২ পৌরসভার ক্ষেত্রে পৌরসভার দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রসমূহ দাখিলের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সুপারিশ/মতামতসহ পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মেয়রের অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন। মেয়র পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে অনুমোদন প্রদান করিবেন।
- ৩.৩ সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সিটি কর্পোরেশনের দরপত্র মূল্যায়ন কমিটি জমাকৃত সকল দরপত্র একীভূত করিয়া ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সুপারিশ/মতামতসহ প্রধান নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মেয়রের অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন। মেয়র পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ বিষয়ে অনুমোদন প্রদান করিবেন।
- ৩.৪ ৩.১, ৩.২, ৩.৩ উপ-অনুচ্ছেদ অনুযায়ী ইজারামূল্য অনুমোদনে কোনো প্রকার জটিলতার উদ্ভব হইলে, তা পরবর্তী সাধারণ সভায় উত্থাপনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। দরপত্র অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনুমোদিত দরদাতাকে জানানিতে হইবে। দরপত্রদাতা অবহিত হইবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের সহিত দাখিলকৃত জামানতের ২৫% অর্থ সমন্বয় করত ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করিবেন। অন্যথায় তার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ও জামানত বাজেয়াপ্ত হইবে। বাজেয়াপ্তকৃত অর্থ সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক ব্যবস্থাপনাধীন হাটের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভার নিজস্ব রাজস্ব আয় হিসাবে গণ্য হইবে। উপজেলা পরিষদ কর্তৃক ব্যবস্থাপনাধীন হাটের ক্ষেত্রে বাজেয়াপ্তকৃত টাকা সংশ্লিষ্ট উপজেলা রাজস্ব তহবিলে জমা করিতে হইবে। গৃহীত দরের সম্পূর্ণ টাকা (আয়কর ও ভ্যাটসহ) সরকারের নির্দিষ্ট খাতে জমা দেওয়ার পর হাট-বাজারের দখল অনুমোদিত দরপত্র দাতার নিকট নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে প্রদান করিতে হইবে। কোনো অবহেলার কারণে এর অন্যথা ঘটিলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন।
- ৩.৫ চুক্তিনামা : উপজেলা পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র অথবা প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র অথবা তাহাদের মনোনীত কর্মকর্তা স্ব-স্ব এলাকার ব্যবস্থাপনাধীন হাট-বাজারের ইজারার চুক্তি দলিলে (পরিশিষ্ট '২') স্বাক্ষর করিবেন। ক্ষেত্র বিশেষে কমিশনার, সংশ্লিষ্ট বিভাগ/জেলা প্রশাসক চুক্তি দলিলে স্বাক্ষর করিবেন।
- ৩.৬ হাট-বাজার ইজারা প্রদানের পর ইজারামূল্য গ্রহণান্তে কোনো কারণে ইজারাদারকে যথাসময়ে হাট-বাজার হস্তান্তর করা সম্ভব না হইলে অথবা হস্তান্তরের পর আইনগত কারণে সংশ্লিষ্ট ইজারাদার টোল আদায়ে বিরত থাকিতে বাধ্য হইলে, টোল আদায় হইতে বিরত থাকাকালীন মোট ইজারা মূল্যের আনুপাতিক হারে অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা যাইবে।
- ৩.৭ কোনো বিশেষ কারণে যদি দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন করার একান্ত প্রয়োজন হয়, তা হইলে দরপত্র আহ্বানকারী কর্মকর্তা ব্যাপক প্রচারের পদক্ষেপ গ্রহণপূর্বক লিখিতভাবে দরপত্র গ্রহণের পরবর্তী তারিখ ও সময় ঘোষণা করিবেন।

৪। খাস আদায়ের ক্ষেত্রে কার্যক্রম :

৪.২ 'খ' ও 'গ' শ্রেণির পৌরসভার অধিভুক্ত হাটবাজারের ক্ষেত্রে খাস আদায় কমিটি নিম্নরূপ হইবে :

(ক)	মেয়র/প্রশাসক	-	সভাপতি
(খ)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা	-	সদস্য
(গ)	পৌরসভার সংশ্লিষ্ট কাউন্সিলর (১ জন পুরুষ ও ১ জন মহিলা)	-	সদস্য
(ঘ)	সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট পৌরসভা	-	সদস্য
(ঙ)	পৌর নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট পৌরসভা কমিটি প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করিতে পারিবে।	-	সদস্য সচিব

৪.৩ 'ক' শ্রেণির পৌরসভার অধিভুক্ত হাটবাজারের ক্ষেত্রে খাস আদায় কমিটি নিম্নরূপ হইবে :

(ক)	মেয়র/প্রশাসক	-	সভাপতি
(খ)	জেলা প্রশাসকের প্রতিনিধি	-	সদস্য
(গ)	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা	-	সদস্য
(ঘ)	পৌরসভার সংশ্লিষ্ট কাউন্সিলর (১ জন পুরুষ ও ১ জন মহিলা)	-	সদস্য
(ঙ)	সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট পৌরসভা	-	সদস্য
(চ)	পৌর নির্বাহী কর্মকর্তা	-	সদস্য সচিব

সংশ্লিষ্ট পৌরসভা কমিটি প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৪.৫ খাস আদায়ের ক্ষেত্রে লোকবল নিয়োগসহ যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের ক্ষমতা কমিটির থাকিবে।

৪.৬ খাস আদায় কার্যক্রম পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহের জন্য খাস আদায় কমিটি আদায়কৃত অর্থ হইতে প্রয়োজনীয় অর্থ ব্যয় করিতে পারিবে। তবে এই ব্যয়ের পরিমাণ আদায়কৃত অর্থের ১০% এর মধ্যে অবশ্যই সীমিত রাখিতে হইবে।

৪.৭ খাস আদায় চলাকালীন যদি সংশ্লিষ্ট হাট-বাজারটির ইজারা প্রদান করা হয়, সেই ক্ষেত্রে যতদিন খাস আদায় সম্পন্ন হইয়াছে, মূল ইজারা মূল্য হইতে আনুপাতিক হারে ওই সময়ের নির্ধারিত মূল্য বাদ দিয়ে বাকি টাকা আদায়যোগ্য হইবে।

৪.৮ হাট-বাজারের খাস আদায়কৃত অর্থ হইতে (খাস আদায়জনিত খরচ বাদে) ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ এবং ৫% অর্থ আয়কর বাবদ সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করিতে হইবে।

৪.৯ হাট-বাজারের খাস আদায়কৃত অর্থ হইতে খাস আদায়জনিত খরচ এবং মূল্য সংযোজন করের (ভ্যাট) ও আয়করের অর্থ বাদ দিয়ে অবশিষ্ট টাকা ৯ নং অনুচ্ছেদের বন্টন নীতিমালা অনুযায়ী বন্টন করিতে হইবে।

৫। টোল আদায়ের হার :

উপজেলা ও পৌরসভার ক্ষেত্রে জেলা প্রশাসক এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা বিভিন্ন দ্রব্যের উপর বিস্তারিত যাচাই বাছাইপূর্বক টোল আদায়ের হার সম্বলিত একটি পূর্ণাঙ্গ তালিকাসহ প্রস্তত করত অনুমোদন ও প্রচার করিবেন। উল্লেখ্য যে, টোল আদায়ের হার ইজারা কার্যক্রম শুরু হইবার পূর্বে প্রস্তত করিতে হইবে। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারাদারকে ইজারা চুক্তিনামার পর দখলনামার সহিত একটি টোল আদায়ের হারের তালিকা সরবরাহ করিবেন। উক্ত তালিকা বাজারের বিভিন্ন স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক প্রদর্শনের ব্যবস্থা রাখিতে হইবে। ইজারাদার কর্তৃক দৃশ্যমান স্থানে টোল আদায়ের হার টাঙাইতে ব্যর্থ হইলে এবং নির্ধারিত হারের চাইতে বেশি টোল আদায় করা হইলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত ইজারাদারের ইজারা চুক্তি বাতিল করিতে পারিবেন এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৬। আপত্তি/আপিল নিষ্পত্তি :

হাট-বাজার ইজারা সম্পর্কে কোনো আপত্তি/অভিযোগ থাকিলে তাহা নিম্নোক্তভাবে নিষ্পত্তি হইবে-

৬.১ চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং খ ও গ শ্রেণির পৌরসভার মেয়রের গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আপত্তি থাকিলে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসকের নিকট লিখিতভাবে অভিযোগ/আপত্তি করা যাইবে। জেলা প্রশাসক প্রয়োজনীয় গুনানি শেষে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করিবেন। জেলা প্রশাসকের সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আপত্তি থাকিলে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনারের নিকট লিখিতভাবে আপিল দায়ের করা যাইবে। বিভাগীয় কমিশনার গুনানি শেষে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উক্ত আপিলের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন। এইক্ষেত্রে বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬.২ বিশেষ শ্রেণি ও 'ক' শ্রেণির পৌরসভা এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আপত্তি থাকিলে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনারের নিকট লিখিতভাবে অভিযোগ/আপত্তি দায়ের করা যাইবে। বিভাগীয় কমিশনার প্রয়োজনীয় শুনানি শেষে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন। বিভাগীয় কমিশনারের আদেশের বিরুদ্ধে কোনো আপত্তি থাকিলে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে লিখিতভাবে আপিল দায়ের করা যাইবে। এইক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। ইজারাদারের দায়-দায়িত্ব :

হাট-বাজারের ইজারাদারের দায়-দায়িত্ব নিম্নরূপ হইবে-

- ৭.১ ইজারাদারকে নির্ধারিত সময়ে সম্পূর্ণ অর্থ (যাবতীয় কর ও ভ্যাটসহ) পরিশোধ করিয়া চুক্তিনামা সম্পাদন করিতে হইবে।
- ৭.২ ইজারাদার কর্তৃক নিয়মিতভাবে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখিতে হইবে।
- ৭.৩ ইজারাদারকে অনুমোদিত টোল রেইটের তালিকা বাজারের দৃশ্যমান স্থানে জনগণের জ্ঞাতার্থে টাঙাইয়া রাখিতে হইবে।
- ৭.৪ ইজারাদার কোনোক্রমেই ইজারাপ্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাবলিজ) দিতে পারিবে না।
- ৭.৫ ইজারাদার যদি এই নীতিমালার বা ইজারা চুক্তির কোনো শর্ত ভঙ্গ করে, তবে তার ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে। সেইক্ষেত্রে তার জমাকৃত ইজারার টাকা বাজেয়াপ্ত করা হইবে এবং হাটটি পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা করা হইবে।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, মেয়র/প্রশাসক, প্রধান নির্বাহী কর্মকর্তা সিটি কর্পোরেশন হাট-বাজারসমূহ ইজারা প্রদান শেষে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রতিটি হাটের প্রাপ্ত ইজারা মূল্যের বিবরণী সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন। জেলা প্রশাসক তার অধিক্ষেত্রে সকল হাট-বাজারের বিগত তিন বৎসরের আয়সহ বর্তমান বৎসরের আয়ের একটি তুলনামূলক বিবরণী প্রতি বৎসরের ৩০ শে বৈশাখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে অবশ্যই প্রেরণ করিবেন।
- ৯। হাট-বাজার হইতে প্রাপ্ত ইজারালব্ধ অর্থ ব্যবস্থাপনা ও বণ্টন পদ্ধতি :
 - ২ হাট-বাজার হইতে ইজারালব্ধ আয় "হাট-বাজারের ইজারালব্ধ আয়" নামে ব্যাংক অ্যাকাউন্ট খুলে জমা রাখিতে হইবে।
 - ৩ উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত হাট-বাজারের ইজারালব্ধ আয় নিম্নলিখিতভাবে বণ্টন করিতে হইবে :
 - ৯.২.১ প্রতিটি হাট-বাজারের ইজারালব্ধ আয় হইতে ৫% অর্থ সেলামীস্বরূপ সরকারকে "৭-ভূমি রাজস্ব" খাতে ট্রেজারি চালানোর মাধ্যমে ইজারার টাকা জমা হইবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করিতে হইবে।
 - ৯.২.২ ২০% অর্থ ইউনিয়ন পরিষদের সচিব, দফাদার ও মহল্লাদারদের বেতন প্রদান বাবদ "৭-ভূমি রাজস্ব" খাতের অধীনে "৪-হাট-বাজার ইজারা হইতে জমা" নামক পৌন খাতে ট্রেজারি চালানোর মাধ্যমে ইজারার টাকা আদায়ের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করিতে হইবে। উভয় ক্ষেত্রে চালানোর এককপি জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিতে হইবে।
 - ৯.২.৩ ৫% অর্থ যে ইউনিয়নে হাট-বাজারটি অবস্থিত সেই ইউনিয়ন পরিষদকে অতিরিক্ত প্রদান করিতে হইবে। এটি উক্ত ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় হিসেবে গণ্য হইবে।
 - ৯.২.৪ ৪% অর্থ মুক্তিযোদ্ধাদের কল্যাণে ব্যয়ের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিচালনাধীন ব্যাংক অ্যাকাউন্টে (সঞ্চয়ী হিসাব নং-১২১০০৩৯৯৭৭২, সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, ঢাকায়) ইজারার টাকা জমা হইবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করিতে হইবে।

৯.২.৫ ১৫% অর্থ সংশ্লিষ্ট হাট-বাজারের রক্ষণাবেক্ষণের/উন্নয়নের জন্য উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের আলোকে ব্যয় করিতে হইবে। এই অর্থ পিপিআর, ২০০৮-এর বিধান অনুযায়ী ব্যয় করিতে হইবে। হাট-বাজারের রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের ক্ষেত্রে ড্রেনেজ, ছাউনি (শেড), স্যানিটেশন (ল্যাট্রিন/ইউরিনাল), টিউবওয়েল স্থাপন, হাট-বাজারের অভ্যন্তরীণ রাস্তা/চলাচল পথ নির্মাণ ইত্যাদি অগ্রাধিকার দিতে হইবে। এই কাজগুলির যথাযথ বাস্তবায়ন এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করিতে হইবে। তবে যে সকল হাট-বাজারে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে ওই সমস্ত হাট-বাজারের জন্য সরকার ও দাতা সংস্থার মধ্যে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী ১৫% অর্থের পরিবর্তে হাট-বাজারের রক্ষণাবেক্ষণের (Routine and Periodical Maintenance) জন্য প্রয়োজনে ২৫% পর্যন্ত অর্থ বরাদ্দ দেওয়া যাইবে।

৯.৩ সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে প্রাপ্ত হাটের আয় নিম্নলিখিতভাবে বণ্টন করিতে হইবে :-

৯.৩.১ পৌরসভা/সিটি কর্পোরেশনে অবস্থিত সকল হাট-বাজার হইতে প্রাপ্ত ইজারা আয়ের ৫% অর্থ সেলামি স্বরূপ ইজারার টাকা আদায়ের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরকারকে “৭-ভূমি রাজস্ব” খাতে প্রদান করিতে হইবে।

৯.৩.২ ৪৫% অর্থ পৌরসভা/সিটি কর্পোরেশনের অন্তর্গত সংশ্লিষ্ট হাট-বাজারের রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নের জন্য ব্যয় করিতে হইবে। হাট-বাজার উন্নয়নের ক্ষেত্রে ড্রেনেজ, স্যানিটেশন (ল্যাট্রিন/ইউরিনাল), টিউবওয়েল স্থাপন, হাট-বাজারের অভ্যন্তরীণ রাস্তা/চলাচলের পথ নির্মাণ, ছাউনি (শেড) নির্মাণ ইত্যাদিকে অগ্রাধিকার দিতে হইবে। এই কাজগুলির যথাযথ বাস্তবায়ন এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করিতে হইবে।

৯.৩.৩ ৪% অর্থ মুক্তিযোদ্ধাদের কল্যাণে ব্যয়ের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিচালনাধীন ব্যাংক অ্যাকাউন্টে (সঞ্চয়ী হিসাব নং-১২১০০৩৯৯৭৭২, সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, ঢাকায়) ইজারার টাকা জমা হইবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জমা প্রদান করিতে হইবে।

৯.৩.৪ অবশিষ্ট ৪৬% অর্থ পৌরসভা/সিটি কর্পোরেশনের রাজস্ব আয় হিসাবে গণ্য হইবে।

১১। হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি :

১১.৫ পৌরসভা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি :

১১.৫.১ পৌরসভার নিয়ন্ত্রণাধীন সকল হাট-বাজারের দৈনন্দিন পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল কার্যাবলি তদারকির জন্য প্রতিটি হাট-বাজার পর্যায়ে নিম্নোক্তভাবে একটি হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবে :

(ক)	পৌরসভার মেয়র/প্রশাসক	-	সভাপতি
(খ)	জেলা প্রশাসকের প্রতিনিধি	-	সদস্য
	(‘ক’ শ্রেণির পৌরসভার ক্ষেত্রে)		
(গ)	উপজেলা প্রকৌশলী (উপজেলা পর্যায়ে পৌরসভার ক্ষেত্রে)	-	সদস্য
(ঘ)	সংশ্লিষ্ট পৌরসভার সকল ওয়ার্ড কমিশনার	-	সদস্য
(ঙ)	পৌরসভা এলাকাভুক্ত দু’জন গণ্যমান্য ব্যক্তি (১ জন শিক্ষক)	-	সদস্য
	(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)		
(চ)	সংশ্লিষ্ট পৌরসভার প্রতিটি হাট-বাজারের দোকানদার/ ব্যবসায়িক প্রতিনিধিদের মধ্য হইতে ২ জন প্রতিনিধি	-	সদস্য
(ছ)	সংশ্লিষ্ট পৌরসভার নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী	-	সদস্য
(জ)	সংশ্লিষ্ট পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তা	-	সদস্য সচিব

১১.৬ পৌরসভা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব নিম্নরূপ হইবে :

- ১১.৬.১ পৌর এলাকার সকল হাট-বাজারের সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং জেলা প্রশাসকের সহিত পরামর্শক্রমে বাস্তবায়ন;
- ১১.৬.২ টোল আদায়কারীদের টোল আদায় এবং টোল সংক্রান্ত যাবতীয় কার্য তদারকি;
- ১১.৬.৩ অনুমোদিত হারের অতিরিক্ত টোল আদায় এবং টোল দেওয়া হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্য/দ্রব্য ক্রেতা এবং বিক্রেতা হইতে টোল আদায় রোধ করা;
- ১১.৬.৪ অনুমোদিত হারে টোল আদায় ব্যতীত অন্য কোনো প্রকার বে-আইনিভাবে আদায় বা জোরপূর্বক কোনোরূপ আদায় এবং ক্রেতা-বিক্রেতাদের হয়রানি রোধ করা;
- ১১.৬.৫ হাট-বাজারের শান্তি-শৃঙ্খলা রক্ষা করা;
- ১১.৬.৬ হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং যথোপযুক্ত স্বাস্থ্য রক্ষার ব্যবস্থার প্রতি লক্ষ্য রাখা;
- ১১.৬.৭ প্রত্যেকটি হাটে প্রয়োজনীয় সংখ্যক ল্যাট্রিন/ইউরিনাল নির্মাণ নিশ্চিতকরণ;
- ১১.৬.৮ হাট-বাজার এলাকায় জমি অবৈধভাবে দখল রোধ এবং তাতে দালানকোঠা নির্মাণ না করিতে দেওয়া; এবং
- ১১.৬.৯ কমিটি ন্যূনপক্ষে মাসে একটি সভায় মিলিত হইবে। উক্ত সভায় হাট-বাজারের পরিচালনা, টোল আদায়, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা হইবে এবং উহা জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিতে হইবে।
- ১১.৬.১০ এই কমিটি প্রয়োজনবোধে পৌর এলাকার প্রতিটি হাটের জন্য সংশ্লিষ্ট হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে পারিবে।

১১.৮ কোরাম :

সকল স্তরের হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি 'কোরাম' বলিয়া বিবেচিত হইবে এবং উল্লিখিত কমিটিসমূহের মেয়াদ কমিটি গঠন করত প্রথম সভা হইতে তিন বৎসর মেয়াদের জন্য হইবে।

১৩। ইজারা ক্ষমতা বাতিল ও ব্যবস্থা গ্রহণ :

উপজেলা পরিষদ এবং 'খ' ও 'গ' শ্রেণির পৌরসভা ব্যবস্থাপনাধীন হাট-বাজারসমূহ বিধি মোতাবেক ইজারা প্রদানে ব্যর্থতা, ইজারা মূল্যের অন্তত ২৫% অর্থ উপজেলা হাট-বাজার উপজেলা পরিষদ কর্তৃক এবং ৪৫% অর্থ পৌরসভা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট/অনুন্নত হাটের রক্ষণাবেক্ষণে ব্যয় না করা, ইজারালব্ধ অর্থের নির্দিষ্ট অংশ যথাসময়ে সরকারি খাতে জমা না দেওয়া, ইজারার সম্পূর্ণ অর্থ গ্রহণ না করিয়া বা ইজারা চুক্তি সম্পাদন না করিয়া ইজারাদারের নিকট হাট-বাজারের দখল হস্তান্তরসহ এতদসংক্রান্ত অন্যান্য অনিয়ম প্রমাণিত হইলে উক্ত উপজেলা পরিষদ এবং খ ও গ শ্রেণির পৌরসভা মেয়রের ইজারা প্রদানের ক্ষমতা বাতিলসহ আইনগত ব্যবস্থা সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণ গ্রহণ করিবেন এবং কথিত হাট-বাজার ইজারা প্রদান করিবেন। অনুরূপভাবে 'ক' শ্রেণির পৌরসভা, জেলা প্রশাসকগণ এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে উপরোক্ত অনিয়ম পরিলক্ষিত হইলে বিভাগীয় কমিশনার সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক এবং সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার ইজারা প্রদানের ক্ষমতা বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করিবেন এবং উক্ত হাট-বাজার ইজারা প্রদান করিবেন।

৪. পৌর এলাকায় জেলা পরিষদ কর্তৃক নির্মিত বাস-টার্মিনাল পৌরসভাকে হস্তান্তর এবং ব্যবস্থাপনা প্রসঙ্গে

উল্লিখিত বিষয়ে জেলা পরিষদের মালিকানাধীন পৌর এলাকায় প্রতিষ্ঠিত বাস-টার্মিনাল পৌরসভাকে হস্তান্তরকরণ সংক্রান্ত প্রক্রিয়ায় এবং সৃষ্ট ব্যবস্থাপনার স্বার্থে সরকার নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেছেন :

- (১) সরকার সিদ্ধান্ত বাস্তবায়নে পৌর এলাকায় জেলা পরিষদ কর্তৃক বাস-টার্মিনাল নির্মাণ ব্যয় পরিশোধ সাপেক্ষে পৌরসভাকে জেলা পরিষদ কর্তৃক নির্মিত বাস টার্মিনাল হস্তান্তর করিতে হইবে।

- (২) বাস টার্মিনাল নির্মাণে জেলা পরিষদ কর্তৃক যে অর্থ খরচ করা হয়েছে তা একসাথে পৌরসভার পক্ষে পরিশোধ করা সম্ভব নাও হইতে পারে। তাই পৌর এলাকাভুক্ত জেলা পরিষদের মালিকানাধীন বাস টার্মিনালের জমি, মাটি ভরাট এবং বাস টার্মিনাল নির্মাণ বাবদ খরচকৃত অর্থ উভয়পক্ষ আলোচনাক্রমে কিস্তিতে পরিশোধ করার বিষয় সিদ্ধান্ত নিবে।
- (৩) অনুচ্ছেদ ৪-এ উল্লিখিত গৃহীত সিদ্ধান্ত কার্যকর করণে পৌর এলাকায় জেলা পরিষদ কর্তৃক নির্মিত বাস-টার্মিনালের মালিকানা ও সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পৌরসভার অনুকূলে হস্তান্তর করিতে হইবে। পৌর কর্তৃপক্ষ যদি জেলা পরিষদ কর্তৃক ব্যয়িত অর্থ এককালীন অথবা কিস্তিতে পরিশোধ করিতে সমর্থ না হয় সেক্ষেত্রে উভয় পক্ষ আলোচনাক্রমে প্রতিদিনের টোল আদায়ের অর্থ ব্যবস্থাপনা খরচ বাদ দিয়ে দিনান্তে অথবা সপ্তাহান্তে জেলা পরিষদে জমা প্রদানপূর্বক জেলা পরিষদ কর্তৃক খরচকৃত অর্থ পরিশোধ করিবে। এতদসংক্রান্ত ব্যবস্থাপনার জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে নিম্নলিখিত সদস্য সমন্বয়ে একটি কমিটি গঠন করা হইলো :

১.	জেলা প্রশাসক	-	আস্থায়ক
২.	সচিব, জেলা পরিষদ	-	সদস্য
৩.	প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা	-	সদস্য
৪.	সভাপতি, বাস মালিক সমিতি	-	সদস্য
৫.	সভাপতি, ট্রাক মালিক সমিতি	-	সদস্য
৬.	সভাপতি, নির্ধারিত শ্রমিক সংগঠন	-	সদস্য

- (৪) যে সকল বাস টার্মিনালের নির্মাণ কাজ জেলা পরিষদ কর্তৃক হাতে নেয়া হয়েছে এবং আংশিক অর্থ খরচ করা হয়েছে সেই সকল বাস-টার্মিনালের খরচকৃত অর্থ জেলা পরিষদকে পরিশোধপূর্বক সংশ্লিষ্ট পৌরসভা বাস-টার্মিনালের অবশিষ্ট নির্মাণ কাজ সম্পন্ন করিবে।
- (৫) জেলা পরিষদ কর্তৃক পৌর এলাকায় ভবিষ্যতে বাস টার্মিনাল নির্মাণ করা হইলে বাস টার্মিনালের মালিকানা ও ব্যবস্থাপনার দায়িত্ব পৌরসভার নিকট হস্তান্তর করিতে হইবে। বাস টার্মিনাল নির্মাণে জেলা পরিষদ কর্তৃক ব্যয়িত অর্থ উপরোক্ত প্রক্রিয়ায় পরিশোধ করিতে হইবে।
- (৬) পৌর এলাকার বাইরে জেলা পরিষদ অথবা পৌরসভা কর্তৃক বাস টার্মিনাল নির্মাণ করা হইলে বাস টার্মিনাল নির্মাণকারী কর্তৃপক্ষের উপর সেই বাস টার্মিনালের মালিকানা ও ব্যবস্থাপনার দায়িত্ব বর্তাইবে।

উল্লিখিত সিদ্ধান্তের আলোকে বাস টার্মিনাল হস্তান্তরকরণ প্রক্রিয়া সমাপ্তকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হইলো।

উপসংহার :

নির্দেশিকাটি সঠিকভাবে অনুসরণ করিলে পৌরকর বহির্ভূত রাজস্ব আদায় বৃদ্ধি ও ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি পেয়ে ইতিবাচক ফলাফল বয়ে আনবে। বাংলাদেশ সরকার, ADB & AFD সাহায্যপুষ্ট নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন (আইইউজিআইপি) প্রকল্পের আওতায় UGIAP কর্মকাণ্ড বাস্তবায়নে স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধির আওতায় (৪-এর 'খ') সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা হয়েছে। পৌরসভা পর্যায়ে এই নির্দেশিকা সঠিক ব্যবহারের ফলে পৌরকর বহির্ভূত রাজস্ব আদায় বৃদ্ধি পাইবে, যাহা বিভিন্ন অনুদান/প্রাপ্তির উপর পৌরসভার নির্ভরশীলতা কমাবে এবং পৌরসভার নিজস্ব উদ্যোগে অবকাঠামো নির্মাণে সামর্থ্য অর্জন করিবে। আশা করা যায়, পৌরসভা নিজস্ব তাগিদে ও প্রয়োজনে এবং বাস্তবতার নিরিখে উন্নয়ন কর্মকাণ্ড হাতে নিয়ে আত্মবিশ্বাসের সাথে ধীরে ধীরে সক্ষমতা অর্জন ও দক্ষতা বৃদ্ধি করিতে সক্ষম হইবে।